Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

# ১৮তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা ২০২৪ (স্কুল পর্যায়) প্রশ্নের রেফারেন্সসহ সমাধান:

## পরীক্ষার তারিখ – ১৫ মার্চ, ২০২৪

## বাংলা

**১) কোনটি চলিত ভাষার নিজস্ব বিশেষ বৈশিষ্ট্য?**

ক) তৎসম শব্দের বহুলতা খ) তদ্ভব শব্দের বহুলতা
গ) প্রাচীনতা ঘ) অমার্জিততা

সঠিক উত্তরঃ তদ্ভব শব্দের বহুলতা

• **চলিত ভাষার বৈশিষ্ট্য:**
- চলিত ভাষা ব্যাকরণের সকল নিয়মের অনুসারী নয়।
- ***এ ভাষায় তদ্ভব, দেশি ও বিদেশি শব্দের ব্যবহার অধিক।***
- চলিত ভাষায় সর্বনাম ও ক্রিয়াপদ সংক্ষিপ্ত হয়।
- এ ভাষা বক্তৃতা, আলাপ, নাট্য সংলাপের উপযোগী।
- চলিত ভাষা পরিবর্তনশীল।
- চলিত ভাষার গতি লঘু, চঞ্চল ও সাবলীল।
- চলিত ভাষায় অপিনিহিতি ও অভিশ্রুতির ব্যবহার রয়েছে।

অন্যদিকে,

• **সাধু ভাষার বৈশিষ্ট্য:**
- সাধু ভাষা বাংলা লেখ্য গদ্যের অপেক্ষাকৃত প্রাচীন রূপ।
- সাধু ভাষা অনেকটা ধ্রুপদী বৈশিষ্ট্যের এবং চলিত ভাষা সর্বসাধারণের জীবন-ঘনিষ্ঠ। ভাষার এই দ্বিধারিক প্রপঞ্চকে বলা হয় দ্বি-ভাষারীতি।
- সাধু ভাষার বাক্যরীতি অনেকটা সুনির্ধারিত।
- এ ভাষায় তৎসম শব্দের প্রয়োগ বেশি।
- এতে সর্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির পূর্ণরূপ গৃহীত হয়।
- সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।
- এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ), ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**২) 'Book Post' এর পারিভাষিক রূপ কোনটি?**

ক) ডাকঘর খ) খোলা ডাক
গ) উপবিধি ঘ) লেখস্বত্ব

সঠিক উত্তরঃ খোলা ডাক

Book post শব্দের বাংলা পরিভাষা হলো- খোলা ডাক।
অন্য অপশনে,
Post-office শব্দের বাংলা পরিভাষা- ডাকঘর,
By-law শব্দের বাংলা পরিভাষা -উপবিধি,
Copyright শব্দের বাংলা পরিভাষা - লেখস্বত্ব।

• **আরো কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ:**
- Book Keeper শব্দের পারিভাষিক অর্থ 'হিসাব রক্ষক',
- Librarian = গ্রন্থাগারিক,
- Booklet = পুস্তিকা,
- Book binder = দপ্তরি,
- Book-credit = খতিয়ানি জমা,
- Book-debit = খতিয়ানি খরচ।

উৎস: প্রশাসনিক পরিভাষা, বাংলা একাডেমি, ভাষা - শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৩) 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?**

ক) হিন্দি খ) উর্দু
গ) পর্তুগিজ ঘ) গ্রিক

সঠিক উত্তরঃ পর্তুগিজ

• **'পেয়ারা' (বিশেষ্য):**
- পর্তুগিজ ভাষা থেকে আগত শব্দ।

অর্থ: ক্রান্তীয় বা উপক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন মাঝারি আকৃতির চিরহরিৎ উদ্ভিদের অসংখ্য ছোট বীজবিশিষ্ট গোলাকৃতির ফল।

• **পর্তুগিজ ভাষা থেকে আগত কিছু গুরুত্বপূর্ণ শব্দ হলো:**
- আনারস, গীর্জা, চাবি, বালতি, গুদাম, পাউরুটি, পাদ্রি, বালতি, কামরা, বোতল জানালা, বোতাম, গামলা, সাবান, তোয়ালে।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৪) যে সমাসে সমস্যমান প্রত্যেকটি পদের অর্থের সমান প্রাধান্য থাকে তাকে কোন সমাস বলে?**

ক) দ্বন্দ্ব খ) দ্বিগু
গ) তৎপুরুষ ঘ) বহুব্রীহি

সঠিক উত্তরঃ দ্বন্দ্ব

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• **দ্বন্দ্ব সমাস:**

- যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে।

- দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদ উভয় পদের অর্থের সমান প্রাধান্য থাকে।

যেমন:

- জায়া ও পতি = দম্পতি।

- ক্ষুধা ও পিপাসা = ক্ষুৎপিপাসা।

অন্যদিকে:

- দ্বিগু সমাসে পরপদের অর্থ প্রাধান্য থাকে।

- বহুব্রীহি সমাসে কোন পদেরই প্রাধান্য পায় না।

উৎস:

১) বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি, (২০১৯ সংস্করণ)।

২) ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৫) নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?**

ক) হাত + ল = হাতল    খ) চল্ + অন্ত = চলন্ত

গ) রাধ্ + না = রান্না    ঘ) কোনোটিই নয়

সঠিক উত্তরঃ হাত + ল = হাতল

• **তদ্ধিত প্রত্যয়:**

- শব্দের পরে যেসব প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় তাকে বলে তদ্ধিত প্রত্যয়। যেমন-

মধুর+ষ্ণ = মাধুর্য , - এখানে 'ষ্ণ' প্রত্যয় যোগে নতুন শব্দ তৈরি হয়েছে।

• **ল-প্রত্যয় যোগে গঠিত শব্দ:**

বিশেষ্য গঠনে,

হাত + ল = হাতল, শীত + ল = শীতল, বৎস + ল = বৎসল।

অন্যদিকে,

চল্ + অন্ত = চলন্ত, রাধ্ + না = রান্না; কৃৎ প্রত্যয় সাধিত শব্দ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৬) বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি?**

ক) ৯ টি    খ) ১০ টি

গ) ১১ টি    ঘ) ১২ টি

সঠিক উত্তরঃ ১২ টি

• বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি , নবম-দশম শ্রেণির ২০১৯ সংস্করণ অনুসারে,

- বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন ১২ টি। যথা:

- কমা, সেমিকোলন, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময় চিহ্ন, কোলন, ড্যাশ, কোলন ড্যাস, হাইফেন, ইলেক ( ' ), উদ্ধরণ চিহ্ন / উদ্ধারচিহ্ন, বন্ধনী।

**বিশেষ তথ্য:**

বাংলা একাডেমি, প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ অনুসারে,

• বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন ১৬টি। যথা:

- কমা, সেমিকোলন, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময় চিহ্ন, হাইফেন, ড্যাশ, কোলন, উদ্ধৃতি চিহ্ন/উদ্ধারচিহ্ন, বন্ধনী, বিন্দু, ত্রিবিন্দু, বিকল্প চিহ্ন, ঊর্ধ্বকমা, দুই দাঁড়ি, কোলন-ড্যাশ।

বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি , নবম-দশম শ্রেণির ২০২২ সংস্করণ অনুসারে,

• বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন ১৩ টি। যথা:

- কমা, সেমিকোলন, দাড়ি, প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময় চিহ্ন, হাইফেন ড্যাশ, কোলন, উদ্ধরণ চিহ্ন/উদ্ধারচিহ্ন, বন্ধনী বিন্দ, ত্রিবিন্দু, বিকল্প চিহ্ন।

আবার ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ এর বই অনুসারে,

• বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্নের সংখ্যা ১৭টি।

উল্লেখ্য, বাংলা একাডেমি, প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ বই এর তথ্য অধিক গ্রহণযোগ্য। অতএব বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্নের সংখ্যা ১৬টি অধিক গ্রহণযোগ্য উত্তর।

**৭) 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কী?**

ক) অতি আকাঙ্ক্ষিত বস্তু    খ) অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি

গ) অদৃষ্টের পরিহাস    ঘ) বিশেষ সম্মানিত ব্যক্তি

সঠিক উত্তরঃ অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি

• 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ: অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি।

বাক্য গঠন: তুমি ত নদের চাঁদ, তোমাকে দিয়ে কোন কাজ হবেনা।

উল্লেখ্য,

• 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ - সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ" হিসেবেও ব্যবহার করা হয়।

• **আরো কিছু গুরুত্বপূর্ণ বাগধারা নিচে দেওয়া হলো:**

অদৃষ্টের পরিহাস বাগধারাটির অর্থ- ভাগ্যের বিড়ম্বনা।

ইতর বিশেষ বাগধারাটির অর্থ-পার্থক্য বা প্রভেদ।

এলাহি কাণ্ড বাগধারাটির অর্থ- বিরাট আয়োজন। কংস মামা- নির্মম আত্মীয়।

গৌরচন্দ্রিকা বাগধারাটির অর্থ- ভূমিকা।

ঠোঁট কাটা বাগধারাটির অর্থ- বেহায়া।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর, ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৮) 'যার কোনো মূল্য নেই' - সমার্থক বাগধারা কোনটি?**

ক) ডাকাবুকো    খ) তুলসী বনের বাঘ

গ) কাঠের পুতুল    ঘ) ঢাকের বায়া

সঠিক উত্তরঃ ঢাকের বায়া

• 'ঢাকের বাঁয়া' বাগধারাটির অর্থ = যার কোন মূল্য নেই।

বাক্য গঠন: তোমার মতো ঢাকের বাঁয়ার সঙ্গে থাকাও যা, না থাকাও তাই।

অন্যদিকে,

• ডাকাবুকো - দুরন্ত বা নির্ভীক,

• তুলসী বনের বাঘ - ভন্ড সাধু,

• কাঠের পুতুল - নির্জীব বা অসার।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৯) কোন বানানটি শুদ্ধ?**

ক) শ্রদ্ধাঞ্জলী খ) দারিদ্রতা
গ) বৈশিষ্ট ঘ) উপর্যুক্ত

সঠিক উত্তরঃ উপর্যুক্ত

• 'উপর্যুক্ত' - বানানটি শুদ্ধ।

**• উপর্যুক্ত (বিশেষণ):**

- এর সঠিক উচ্চারণ হচ্ছে উপোর্‌জুক্‌তো।
- এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় হচ্ছে উপরি + উক্ত।
- এর অর্থ হচ্ছে পূর্বে কথিত বা উল্লেখ করা হয়েছে এমন।

অন্যদিকে,

• 'শ্রদ্ধাঞ্জলী' এর শুদ্ধ বানান - 'শ্রদ্ধাঞ্জলি'।

• বাংলা একাডেমী অভিধান অনুসারে দারিদ্রতা বানানটি অশুদ্ধ।
সঠিক বানান সম্বলিত এরূপ শব্দ হলো দরিদ্র, দারিদ্র্য, দরিদ্রতা।

• 'বৈশিষ্ট' এর শুদ্ধ বানান - 'বৈশিষ্ট্য'।

উৎস: অভিগম্য অভিধান- বাংলা একাডেমি, বাংলা একাডেমী অভিধান।

**১০) অনুবাদ কত প্রকার?**

ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

সঠিক উত্তরঃ ২ প্রকার

**• অনুবাদ:**

- অনুবাদের অর্থ- ভাষান্তরকরণ।
- অনুবাদ হলো কোনো বক্তব্য বা রচনাকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করা।
- রচনার বক্তব্য বিষয়ের পরিবর্তন না করে ভাষাগত পরিবর্তনই অনুবাদ বা তর্জমা বলে বিবেচিত।
- অনুবাদে পারদর্শিতা মূলত অভ্যাসের ওপর নির্ভরশীল।

***অনুবাদ কাজকে দুই ভাগে ভাগ করা যায়।*** যথা:

- আক্ষরিক অনুবাদ,
- ভাবানুবাদ।

**• আক্ষরিক অনুবাদ:**

মূল ভাষার প্রতিটি শব্দের প্রতিশব্দ ব্যবহার করে যে অনুবাদ করা হয় তাকে আক্ষরিক অনুবাদ বলা হয়। যেমন:`Many men many mind' এই বাক্যের অর্থ যদি এমন করা যায় 'অনেক মানুষ অনেক মন' তাহলে তাকে আক্ষরিক অনুবাদ বলা যেতে পারে।

**• ভাবানুবাদ:**

যে অনুবাদের মাধ্যমে মূল ভাষার স্থিত মূল ভাব অক্ষুন্ন রেখে নিজের ভাষার বিষয়বস্তু উপস্থাপিত হয়, এবং মূল ভাষায় ব্যবহৃত শব্দ, বাক্যগঠন ইত্যাদিকে উপেক্ষা করে অপর ভাষার মূলভাবকে তুলে ধরা হয় বা অনুবাদ করা হয় তাকে ভাবানুবাদ বলে। যেমন: 'Many men many mind' এই বাক্যের অর্থ যদি এমন করা যায় 'নানা মুনির নানা মত' তাহলে তাকে ভাবানুবাদ বলা হয়।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ ও উচ্চমাধ্যমিক বাংলা দ্বিতীয় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**১১) 'চলচিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক) চলৎ + চিত্র খ) চল + চিত্র
গ) চলচ + চিত্র ঘ) চলিচ + চিত্র

সঠিক উত্তরঃ চলৎ + চিত্র

প্রশ্নে দেওয়া আছে 'চলচিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ; যা টাইপিং মিসটেক। কিন্তু এটা 'চলচ্চিত্র' হবে।

• ব্যঞ্জনসন্ধিতে একটি ধ্বনির প্রভাবে পার্শ্ববর্তী ধ্বনি পরিবর্তিত হয়ে যায়। যেমন-

***- চলৎ+চিত্র = চলচ্চিত্র ( এখানে চ-এর প্রভাবে ত হয়েছে চ ),***
- বিপদ্+জনক = বিপজ্জনক ( এখানে জ-এর প্রভাবে দ হয়েছে জ ),
- উৎ+লাস = উল্লাস ( এখানে ল-এর প্রভাবে ত হয়েছে ল )।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২ সংস্করণ)।

**১২) সন্ধির প্রধান সুবিধা কী?**

ক) লেখার সুবিধা খ) উচ্চারণের সুবিধা
গ) পড়ার সুবিধা ঘ) শুনার সুবিধা

সঠিক উত্তরঃ উচ্চারণের সুবিধা

**সন্ধি:**

- পাশাপাশি ধ্বনির মিলনকে সন্ধি বলে।
- অন্য কথায়, সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে।
- সন্ধির প্রধান উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণের সহজপ্রবণতা এবং ধ্বনিগত মাধুর্য সম্পাদন।
- সন্ধি শব্দ গঠনেরও একটি উপায়।
***- তবে সন্ধির প্রধান সুবিধা হলো উচ্চারণের সুবিধা।***
- তবে বাংলা ভাষায় উপসর্গ, প্রত্যয় ও সমাস প্রক্রিয়ায় শব্দ গঠনের ক্ষেত্রে সন্ধির সূত্র কাজে লাগে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২ সংস্করণ)।

**১৩) 'পুকুরে মাছ আছে' - এখানে পুকুর কোন কারক?**

ক) কর্ম কারক খ) অপাদান কারক
গ) সম্প্রদান কারক ঘ) অধিকরণ কারক

সঠিক উত্তরঃ অধিকরণ কারক

**• অধিকরণ কারক:**

- ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে (সময় এবং স্থানকে) অধিকরণ কারক বলে। • উদাহরণ-

***- পুকুরে মাছ আছে। (কোথায় আছে? পুকুরে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।***
- বনে বাঘ আছে। (কোথায় আছে? বনে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।
- ঘাটে নৌকা বাঁধা আছে। (কোথায় বাঁধা আছে? ঘাটে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

উৎস: বাংলা ব্যাকরণ নবম দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

**১৪) 'ডাক্তার ডাক' - কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্তৃ কারকে শূন্য বিভক্তি খ) কর্ম কারকে শূন্য বিভক্তি

গ) করণ কারকে শূন্য বিভক্তি ঘ) কোনোটিই নয়

সঠিক উত্তরঃ কর্ম কারকে শূন্য বিভক্তি

• **কর্মকারক:**

যাকে আশ্রয় করে বা অবলম্বন করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে।

• কর্ম কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ:

- ***১মা বা শূন্য বিভক্তি: ডাক্তার ডাক,*** বই এনো, বাঘে মানুষ খায়।

- ২য়া বিভক্তি: ডাক্তারকে ডাক, তাকে বল । ৬ষ্ঠী বিভক্তি: তার দেখা পাইনি।

- ৭মী বিভক্তি: 'জিজ্ঞাসিব জনে জনে'।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০১৯সংস্করণ)।

**১৫) নিচের কোনটি নিত্য সমাস?**

ক) পঞ্চনদ খ) বেয়াদব

গ) দেশান্তর ঘ) ভালমন্দ

সঠিক উত্তরঃ দেশান্তর

• **নিত্য সমাস:**

যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। শুধু সমস্তপদের ব্যাখ্যা দিতে হয়। যেমন: অন্য গ্রাম = গ্রামান্তর, তুমি আমি ও সে = আমরা, দুই এবং নব্বই = বিরানব্বই।

তেমনিভাবে,

কালসাপ - নিত্য সমাসের উদাহরণ।

• সমস্তপদের শেষে 'অন্তর' থাকলে ব্যাসবাক্যে 'অন্য' হবে। যেমন: দেশান্তর = অন্য দেশ।

• সমস্তপদের শেষে 'মাত্র/খানা' থাকলে 'কেবল' হবে। যেমন: শয়নমাত্র = কেবল শয়ন।

অন্যদিকে,

• ভালো-মন্দ = ভালমন্দ; দ্বন্দ্ব সমাসের উদাহরণ।

• আদবের অভাব = বেয়াদব; অব্যয়ীভাব সমাস।

• পঞ্চ নদের সমাহার = পঞ্চনদ; দ্বিগু সমাসের উদাহরণ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ-নবম দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**১৬) পৃথিবীর সমার্থক শব্দ কোনটি?**

ক) অচল খ) অদ্রি

গ) কনক ঘ) অবনী

সঠিক উত্তরঃ অবনী

• **'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ:**

- ধরা, ধরণি, ধরিত্রী, বসুন্ধরা, বসুধা, ভূ, ভূমণ্ডল, ***অবনি,*** ক্ষিতি, মহী, বসুমতী, মেদিনী, জগৎ, মর্ত্যলোক, ব্রহ্মাণ্ড, বিশ্ব, অখিল, ভুবন, ভূমি, পৃথ্বী, দুনিয়া, ভুবন, ভূলোক, উর্বী।

যদিও, বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে, শুদ্ধ বানানটি হবে - 'অবনি'।

• 'স্বর্ণ' শব্দের সমার্থক শব্দ - 'কনক'।

• 'পর্বত' শব্দের সমার্থক শব্দ: অচল, অদ্রি।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ, বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২ সংস্করণ)।

**১৭) 'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো-**

ক) চাঁদ খ) জ্যোৎস্না

গ) পদ্মফুল ঘ) মুকুল

সঠিক উত্তরঃ জ্যোৎস্না

• 'কৌমুদী' শব্দটি ***'জ্যোৎস্না'*** এর সমার্থক।

• 'জ্যোৎস্না' এর অন্যান্য সমার্থক শব্দ = চন্দ্রিমা, চন্দ্রকিরণ, চন্দ্রিকা, জোছনা, চন্দ্রালোক।

কিন্তু,

কুমুদ, কুমুদী = পদ্ম

কুমুদনাথ = চাঁদ

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**১৮) 'যা বলা হয়নি' - এক কথায় তাকে কী বলে?**

ক) অকথ্য খ) অনুক্ত

গ) নির্বাক ঘ) মুক

সঠিক উত্তরঃ অনুক্ত

• 'যা বলা হয় নি' এক কথায় বলে - ***অনুক্ত।***

**আরো কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ:**

- 'যা বলার যোগ্য নয়' এক কথায় বলে - অকথ্য।
- 'যা বলা হচ্ছে' এক কথায় বলে - বক্ষ্যমাণ।
- 'যা উচ্চারণ করা যায় না' এক কথায় বলে - অনুচ্চার্য।
- 'যা পূর্বে ছিল এখন নেই' এক কথায় বলে - ভূতপূর্ব।
- 'যা লাফিয়ে চলে' এক কথায় বলে - প্লবগ।
- 'যা অধ্যয়ন করা হয়েছে' এক কথায় বলে - অধীত।
- 'যা পূর্বে শোনা যায় নি' এক কথায় বলে - অশ্রুতপূর্ব।
- 'যা কখনো নষ্ট হয় না' এক কথায় বলে - অবিনশ্বর।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**১৯) 'চন্দ্র' এর বিশেষণ রূপ কোনটি?**

ক) চান্দ্র খ) চাঁদ

গ) চন্দ্রা ঘ) চান্দ্রা

সঠিক উত্তরঃ চান্দ্র

• 'চন্দ্র' এর বিশেষণ রূপ - ***'চান্দ্র'।***

• 'চান্দ্র'(বিশেষণ) চন্দ্র সম্পর্কিত।

• 'চন্দ্র' (বিশেষ্য) বলতে বোঝায়: পৃথিবীর উপগ্রহ-যা পৃথিবীকে মাসে একবার প্রদক্ষিণ করে।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• 'চন্দ্র' এর সমার্থক শব্দ:
- চাঁদ; চন্দ্রমা; নিশাকর; নিমাকান্ত; শশধর; হিমাংশু; সুধাংশু; সুধাকর; ইন্দু; বিধু; শশী; সোম; মৃগাঙ্ক।
উৎস: অভিগম্য অভিধান- বাংলা একাডেমি।

**২০) কোন অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে যুক্ত হয়ে বিভক্তির কাজ করে?**

ক) সংযোজক খ) সমুচ্চয়ী
গ) অনুকার ঘ) অনুসর্গ

সঠিক উত্তরঃ অনুসর্গ

**অব্যয় পদ:**
• ন ব্যয় = অব্যয়।
• যার ব্যয় বা পরিবর্তন হয় না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়।
• অব্যয় শব্দের সাথে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না, সেগুলোর একবচন বা বহুবচন হয় না এবং সেগুলোর স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।
• যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বদ্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে।
অব্যয়ের প্রকারভেদ:
• অব্যয় প্রধানত চার প্রকার;
১. সমুচ্চয়ী,
২. অনন্বয়ী,
৩. অনুসর্গ বা পদান্বয়ী,
৪. অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়।

**অনুসর্গ অব্যয়:**
***- যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে।*** যথা:
- ওকে দিয়ে এ কাজ হবে না। (দিয়ে অনুসর্গ অব্যয়)।
- অনুসর্গ অব্যয় 'পদান্বয়ী অব্যয়' নামেও পরিচিত।

**অনন্বয়ী অব্যয়:**
- যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে।
- যেমন:
• উচ্ছ্বাস প্রকাশে:
- মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!
• স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে:
- হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।
• সম্মতি প্রকাশে:
- আমি আজ আলবত যাব। নিশ্চয়ই পারব।

**সমুচ্চয়ী অব্যয়:**
- যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

**অনুকার অব্যয়:**
- যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**২১) "A bolt from the blue" - বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?**

ক) যতো গর্জে ততো বর্ষে না খ) গরিবের ঘোড়া রোগ
গ) বিনা মেঘে বজ্রপাত ঘ) অতি লোভে তাতি নষ্ট

সঠিক উত্তরঃ বিনা মেঘে বজ্রপাত

• "A bolt from the blue" - বাক্যটির সঠিক বাংলা অনুবাদ: ***বিনা মেঘে বজ্রপাত।***
Much cry, little water. or, Barking dogs seldom bite. এর বাংলা অনুবাদ- যত গর্জে তত বর্ষে না।
Grasp all, lose all, All covet, all lost. এর বাংলা অনুবাদ- অতি লোভে তাতি নষ্ট।

**আরও কিছু গুরুত্বপূর্ণ অনুবাদ হলো:**
• Better late than never.- একেবারেই না হওয়ার চেয়ে দেরিতে হওয়াও ভালো।
• Birds of a feather flock together.- চোরে চোরে মাসতুতো ভাই।
• Blue are the hills that are far from us.- দূরের জিনিস ভালো মনে হয়।
• Brevity is the soul of wit.- মানিকের খানিক ভালো।
• Build castles in the air.- আকাশকুসুম রচনা করা বা অলীক কল্পনা করা।
• Butter will/would not melt in somebody's mouth.- ভাজা মাছটি উলটে খেতে জানে না।
• Bypass the immediate superior/proper channel.- ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ, প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ ও ড. মোহাম্মদ আমীন।

**২২) 'আমি' শব্দটি কোন লিঙ্গ?**

ক) পুংলিঙ্গ খ) স্ত্রী লিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ ঘ) উভয় লিঙ্গ

সঠিক উত্তরঃ উভয় লিঙ্গ

• ***আমি*** - উভয়লিঙ্গ।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• **উভয়লিঙ্গ:**

- যে শব্দ দ্বারা স্ত্রী বা পুরুষ উভয় বোঝায়, তা উভয়লিঙ্গ।
বাংলা ভাষায় সর্বনাম শব্দে নারী-পুরুষবাচক পার্থক্য করা হয় না। আমি, তুমি, সে, তারা, এটা, ওটা ইত্যাদি সর্বনাম স্ত্রী-পুরুষ উভয় ক্ষেত্রেই একই রূপে ব্যবহৃত হয়।

• **লিঙ্গ:**

- লিঙ্গ শব্দের অর্থ চিহ্ন বা লক্ষণ।
- বাংলা ভাষায় এমন অনেক শব্দ আছে যেগুলো কোনোটি পুরুষ জাতীয়, কোনোটি স্ত্রী জাতীয়, কোনোটি আবার স্ত্রী-পুরুষ উভয়কেই বোঝায়।
- তাই যেসব চিহ্ন বা লক্ষণ দ্বারা শব্দকে পুরুষ, স্ত্রী বা অন্য জাতীয় হিসেবে আলাদা করা যায়, তাকে লিঙ্গ বলে।

লিঙ্গ চার প্রকার। যথা:
১. পুংলিঙ্গ বা পুরুষবাচক শব্দ। যেমন: বাবা, ছেলে, বিদ্বান, সুন্দর।
২. স্ত্রীলিঙ্গ বা স্ত্রীবাচক শব্দ। যেমন: মা, মেয়ে, বিদুষী, সুন্দরী।
৩. উভয়লিঙ্গবাচক শব্দ। যেমন: মানুষ, গরু, শিশু, সন্তান, বাঙালি ।
৪. ক্লীবলিঙ্গ বা অলিঙ্গবাচক শব্দ। যেমন: বই, খাতা, চেয়ার, টেবিল ।
উৎস: বাংলা ব্যাকরণ ও নির্মিতি, অষ্টম শ্রেণি এবং ভাষা-শিক্ষা, ড.হায়াৎ মামুদ।।

**২৩) শীকর শব্দের অর্থ -**

ক) গাছের মূল খ) মেনে নেয়া
গ) জলকণা ঘ) রাজত্ব

সঠিক উত্তরঃ জলকণা

'শীকর ' শব্দের অর্থ - জলকণা।
শীকর (বিশেষ্য)
- সংস্কৃত শব্দ
অর্থ:
- বাতাসে ভাসমান জলকনা।
- জলবিন্দু।
অন্যদিকে,
'শিকড়' শব্দের অর্থ = মূল।
'শিখর' শব্দের অর্থ = শীর্ষ।
'শেখর' শব্দের অর্থ = মাথার অলংকার।
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**২৪) কোনটির আগে স্ত্রীবাচক শব্দ যুক্ত করে লিঙ্গান্তর করতে হয়?**

ক) নেতা খ) কবি
গ) দাতা ঘ) বাদশাহ

সঠিক উত্তরঃ কবি

• কতগুলো পুরুষবাচক শব্দের আগে স্ত্রীবাচক শব্দ প্রয়োগ করে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমন:
*কবি- মহিলা কবি,*
ডাক্তার- মহিলা ডাক্তার,
কর্মী- মহিলা কর্মী,
পুলিশ- মহিলা পুলিশ ইত্যাদি।

• **নিত্য পুরুষবাচক শব্দ:**

কিছু শব্দ আছে তা কেবল পুরুষকে নির্দেশ করে এদেরকে নিত্য পুরুষবাচাক শব্দ বলে।
যেমন - কবিরাজ, কৃতদার, অকৃতদার, ঢাকী ইত্যাদি।

• **নিত্য স্ত্রীবাচক শব্দ:**

আবার কিছু শব্দ আছে যা কেবল স্ত্রীবাচক, এদের পুরুষবাচক শব্দ নেই, এদেরকে নিত্য স্ত্রীবাচাক শব্দ বলে
যেমন - সতীন, সৎমা, সধবা, এয়ো, দাই, ইত্যাদি।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি(২০২১ ও ২০১৯ সংস্করণ), প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ, ড. মোহাম্মদ আমীন।

**২৫) দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?**

ক) অপগত খ) পরাগত
গ) সমীভবন ঘ) বিষমীভবন

সঠিক উত্তরঃ বিষমীভবন

• বিষমীভবন: দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন:
- তরবার > তরোয়াল;
- লাঙ্গল > নাঙ্গল;
- শরীর > শরীল;
- লালা > নাল ইত্যাদি।

• সমীভবন: শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন।
যেমন: জন্ম > জম্ম, কাঁদনা > কান্না।
পরাগত সমীভবন: পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন।
যেমন, তৎ + জন্য > তজ্জন্য।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

## English

**২৬) 'Pass out' means -**

ক) die খ) faint
গ) disappear ঘ) cross

সঠিক উত্তরঃ faint

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• 'Pass out' (Phrasal verb)
English Meaning: Become unconscious/ **Faint**/ collapse/ lose consciousness/ black out / keel over/ flake out.
Bangla Meaning: অজ্ঞান হওয়া; জ্ঞান হারানো।
• অপশনে উল্লিখিত শব্দগুলোর অর্থ -
ক) die - প্রাণ হারানো; মারা যাওয়া।
খ) faint - মূর্ছাপ্রবণ, দুর্বল; পরিশ্রান্ত।
গ) disappear - অদৃশ্য হওয়া; দৃষ্টির বাইরে চলে যাওয়া।
ঘ) cross - পার হওয়া; এক প্রান্ত থেকে অন্য প্রান্তে।
• সুতরাং, বোঝা যাচ্ছে - 'Pass out' means - faint.
Source: Accessible Dictionary by Bangla Academy and Oxford Learner's Dictionary.

**২৭) The police is looking ____ the mother.**

ক) into    খ) on
গ) to    ঘ) at

সঠিক উত্তরঃ into

• **Look into something**
English meaning: to investigate something/ to examine the facts about a problem or situation.
Bengali meaning: তদন্ত করা।
Example:
- The police is looking into the matter.
- We're looking into buying a new computer.
- The police is looking into the mother. - implies that the police are investigating or examining the mother's actions or involvement in something.
Source: Cambridge Dictionary.

**২৮) The phrase 'Man of parts' means -**

ক) honest    খ) sincere
গ) talented    ঘ) worthless

সঠিক উত্তরঃ talented

• A man of many parts / **A man of parts** (Phrase)
- English Meaning: a man with great ability in many different areas/ **talented.**
- Bangla Meaning: অত্যন্ত দক্ষ / মেধাবী
- Ex. Sentence: Your brother is a man of parts in this matter.
- Bangla Meaning: এই বিষয়ে তোমার ভাই একজন দক্ষ লোক।
Source: Live MCQ Lecture

**২৯) Select the same meaning-pragmatic.**

ক) wasteful    খ) productive
গ) practical    ঘ) fussy

সঠিক উত্তরঃ practical

• **Pragmatic (adjective)**
English Meaning: Solving problems in a sensible way that suits the conditions that really exist now, rather than obeying fixed theories, ideas, or rules.
Bangla Meaning: ব্যবহারিক ফল ও মূল্য সম্বন্ধীয়; সবকিছু প্রয়োগসিদ্ধতার দিক থেকে বিবেচনা করে এমন; কার্যসিদ্ধিমূলক; কার্যসাধনাত্মক; প্রয়োগবাদী; ব্যবহারবাদী।
• অপশনে উল্লিখিত শব্দগুলোর মধ্যে -
ক) wasteful - অপচয়ী; অপব্যয়ী।
খ) productive - উৎপাদনশীল; ফলপ্রসূ; উর্বর।
গ) practical - প্রায়োগিক; ব্যবহারিক; ফলিত
ঘ) fussy - অস্থির; তিড়বিড়ে; ত্রস্তব্যস্ত।
• সুতরাং, বোঝা যাচ্ছে, উল্লিখিত অপশনগুলোর মধ্যে - practical শব্দটি pragmatic এর সমার্থক অর্থ প্রকাশ করছে।
Source: Accessible Dictionary by Bangla Academy and Cambridge Dictionary.

**৩০) Antonym of 'Ally' is -**

ক) friend    খ) child
গ) congested    ঘ) enemy

সঠিক উত্তরঃ enemy

• Ally - চুক্তিসূত্রে বা বিবাহ দ্বারা মৈত্রীসম্পর্ক স্থাপন করা, সহযোগী; মিত্র; সহায়তা বা সমর্থনদানকারী ব্যক্তি।
• অপশনে উল্লিখিত শব্দগুলোর অর্থ -
ক) friend - বন্ধু; বান্ধব; সখা; সুহৃদ; মিত্র; বয়স্য।
খ) child - অজাত বা নবজাত মানবশিশু; বালক বা বালিকা
গ) congested - অতিমাত্রায় পূর্ণ; অত্যন্ত জনসমাকীর্ণ; ভিড়াক্রান্ত।
ঘ) enemy - শত্রু, শত্রুসেনা; শত্রুপক্ষের লোক, ক্ষতিকারক যে কোনো কিছু।
• শব্দগুলোর অর্থ বিবেচনায় বোঝা যাচ্ছে, উল্লিখিত অপশনগুলোর মধ্যে - enemy শব্দটি Ally এর বিপরীত অর্থ প্রকাশ করছে।
Source: Accessible Dictionary by Bangla Academy.

**৩১) Had I the wings of a bird! (make it assertive):**

ক) I wish I had the wings of a bird.
খ) I had the wings of a bird.
গ) I should have the wings of a bird.
ঘ) May I have the wings of a bird.

সঠিক উত্তরঃ I wish I had the wings of a bird.

• Exclamatory Sentence যদি Had, could, were দ্বারা আরম্ভ হয় তাহলে -
- Sentence - এর প্রথমে 'I wish' বসাতে হয়।

- এরপর - Subject বসে + had বসে এবং Note of Exclamation উঠিয়ে দিয়ে Assertive sentence গঠন করা হয়।

• নিয়মানুসারে -

Exclamatory: Had I the wings of a bird!

Assertive: I wish I had the wings of a bird.

**৩২) He got ______ his illness in two weeks-**

ক) on খ) by

গ) with ঘ) over

সঠিক উত্তরঃ over

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - over.

- Complete sentence: He got over his illness in two weeks.

**• Get over**

English meaning: **to get better after an illness**, or feel better after something or someone has made you unhappy:

Bangla Meaning: (অসুস্থতা, আঘাত, বিস্ময় ইত্যাদি) কাটিয়ে ওঠা, জয় করা; দমন করা অথবা কাউকে ভুলে যাওয়া।

• অন্যদিকে,

• get on (with somebody) (কারো সঙ্গে) মিলেমিশে চলতে পারা।

- She is not easy to get on with.

• get on (with something) (কোনোকিছু নিয়ে) এগিয়ে চলা।

- I simply can't get on with this exacting work of a lexicographer.

**৩৩) My uncle arrived while I (cook) the dinner.**

ক) would cook খ) had cooked

গ) cook ঘ) was cooking

সঠিক উত্তরঃ was cooking

• While দ্বারা দুইটি বাক্যাংশ যুক্ত হলে -

- While এর পূর্বে অংশ টি past indefinite এ হলে, এরপরের অংশে past continuous tense হয়।

- while যুক্ত অংশটি Past continuous tense হলে অপরটি Past indefinite tense হয়।

- সুতরাং নিয়মানুযায়ী সঠিক উত্তর হবে - arrived.

Complete Sentence: My uncle arrived while I was cooking the dinner.

**৩৪) He advised me (give) smoking.**

ক) giving up খ) to give up

গ) in giving up ঘ) from giving up

সঠিক উত্তরঃ to give up

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - to give up

- Complete Sentence: He advised me to give up smoking.

• কিছু verb আছে যেগুলোর পরে যদি verb ব্যবহার করতে হয় তাহলে Infinitive (verb এর base form অথবা to + verb এর base form.) ব্যবহার করতে হবে।

যেমন- Advise, Manage, Arrange, Demand, Fail, Desire, Propose, Seem, Forget, Hope ইত্যাদি।

**৩৫) There is _______ tea in the cup.**

ক) very little খ) any

গ) very ঘ) many

সঠিক উত্তরঃ very little

• প্রশ্নটি মূলত Determiner এর উপর ভিত্তি করে করা হয়েছে।

- Uncountable noun এর সাথে little, a little, much, less, very little, the little ইত্যাদি বসে।

- Few, a few, many, any ইত্যাদি Countable noun এর পূর্বে বসে।

• Very little (খুব অল্প পরিমাণ) - Uncountable noun কে determine করে।

- There is very little water in the pond.

• নিয়মানুযায়ি শূন্যস্থানে সঠিক উত্তর হবে -very little.

- Complete sentence: There is **very little** tea in the cup.

**• Determiner:**

- Determiner এর প্রধান কাজ হলো noun কে determine করা।

- Noun এর নির্দিষ্টতা-অনির্দিষ্টতা বুঝাতে এর ব্যহার হয়ে থাকে।

- এটি noun কে আংশিক বা সম্পূর্ণ ভাবে modify করলেও modify করা এটির প্রধান কাজ নয়।

**• Determiners can be following types -**

- Articles - A, an, the.

- Demonstrative - This, that, these, those.

- Possessive - My, your, his, her, etc.

- Quantifier - Some, few, a few, fewer, no, one, two, a lot of, several, lot of, much, many, little, a little, the little etc.

- Numbers - Two, second, last, etc.

- Interrogatives - Which, what, whose, etc.

**৩৬) The old lady cannot help ________ a cup of tea.**

ক) to drink খ) take

গ) to taking ঘ) having

সঠিক উত্তরঃ having

• Cannot help / Cannot but অর্থ হচ্ছে - না করে না পারা।

- Can't but এরপর verb এর base form বসে।

**- Can't help এরপর verb + ing হয়।**

- যেহেতু প্রদত্ত প্রশ্নে Cannot help রয়েছে, তাই শূন্যস্থানে সঠিক উত্তর হবে - having.

- Complete sentence: The old lady cannot help having a cup of tea.

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৩৭) A true patriot can die ______ his country.**

ক) for খ) of

গ) in ঘ) by

সঠিক উত্তরঃ for

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - for.

- Complete Sentence: A true patriot can die for his country.

• ভাল কাজের জন্য বা দেশের জন্য মারা যাওয়ার অর্থে die for বসে।

যেমন: He died for country.

• Various usage of prepositions after the word 'Die' -

- die of (disease): He died of cholera.

- die from (effect): He died from a snake bite/overeating.

- die for (shake / cause): He died for his country.

- die in (accident): He died in an accident.

- die in (place / month / year): He died in 1950./ He died in London. / He died in a hospital in Dhaka.

- die in (accident): He died in a train accident.

- die on (name of day /spot death): He died on the spot./ He died on Monday.

- die at (time): He died at 9-30 am.

- die between (time): He died between 9 a m to 9-30 am.

- die within (time): He died within five minutes.

**৩৮) What is lotted cannot be blotted (Active)**

ক) Must be blot we lot.

খ) We cannot blot what we must lot.

গ) We must blot what we cannot lot.

ঘ) We must be blotted what we cannot lot.

সঠিক উত্তরঃ We cannot blot what we must lot.

• "What is lotted cannot be blotted" - বাক্যটির অর্থ দাঁড়ায় যে, যা ভাগ্যে লেখা আছে তা মুছে ফেলা যায় না।

• অপশনগুলোর মধ্যে -

ক) "Must be blot we lot"

- This option is grammatically incorrect and doesn't convey a clear meaning related to the original phrase.

খ) "We cannot blot what we must lot".

- এই বাক্যটি দ্বারা বোঝাচ্ছে যে যা ভাগ্যে লেখা আছে তা পরিবর্তন বা মুছে ফেলা যায় না।

- This is a closer match to the original meaning.

গ) "We must blot what we cannot lot" - এর অর্থ দাঁড়ায় - আমরা যা নির্ধারণ বা নিয়ন্ত্রণ করতে পারি না তা আমাদের পরিবর্তন করা বা মুছে ফেলা উচিত।

- It suggests an action against the unchangeable, which is not aligned with the original sentiment.

ঘ) "We must be blotted what we cannot lot" - This option is grammatically incorrect and confusing.

- This sentence does not accurately convey the intended meaning of the original sentence.

• এই বিশ্লেষণ অনুসারে, খ) "We cannot blot what we must lot" -" is the closest in meaning, as it correctly conveys the idea that what is destined cannot be changed.

**৩৯) Lingua franca means-**

ক) common language খ) maiden speech

গ) second language ঘ) mother tongue

সঠিক উত্তরঃ common language

• **Lingua Franca:**

• English Meaning- 1. A **common language** consisting of Italian mixed with French, Spanish, Greek, and Arabic that was formerly spoken in Mediterranean ports.

2. Any of various languages used as common or commercial tongues among peoples of diverse speech.

• Bengali Meaning- বহু ভাষাভাষী অঞ্চলে যে ভাষা যোগাযোগের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়।

• Example Sentence:

1. English is used as a lingua franca among many airline pilots.

2. Just look at TikTok, where storytelling has become a lingua franca.

Source:

1. Merriam-Webster Dictionary.

2. Accessible Dictionary by Bangla Academy.

**৪০) The work is to be _______ immediately.**

ক) do খ) done

গ) doing ঘ) did

সঠিক উত্তরঃ done

• The work is to be _______ immediately.

- বাক্যটিকে পরিপূর্ণ করার জন্য শূন্যস্থানে একটি past participle দরকার।

- উল্লিখিত অপশনগুলোর মধ্যে কেবলমাত্র Done past participle form এ আছে।

- সাধারণত "to be + past participle" হয়।

- Complete Sentence: The work is to be **done** immediately.

**৪১) The word 'Garrulous' means-**

ক) wordless খ) talkingless
গ) speechless ঘ) talking too much

সঠিক উত্তরঃ talking too much

• Garrulous: [adjective]

English Meaning: Having the habit of talking a lot, especially about unimportant things; **talking too much.**

Bangla Meaning: বাচাল; বাক্যবাগীশ।

Synonyms: Talkative (বাচাল), Chattering (বক বক), Babbling (অস্ফুটবাক্), loquacious (বাকপটু), Chatty (বাক্যবাগীশ)।

Antonyms: Concise (সংক্ষিপ্ত), Taciturn (অল্পবাদী; মিতবাক), Reticent (স্বল্পভাষী; গুরুগম্ভীর), Self-effacing (আত্মকেন্দ্রীক), Brief (সংক্ষিপ্ত)।

Other Forms:

Garrulity (noun) [uncountable noun] বাচালতা।

Example Sentence:

1. I had talked too much about myself and felt like a garrulous old fool.
2. Her garrulous neighbors kept her from concentrating.

Source: Live MCQ Lecture.

**৪২) কিছু করার আগে ভালো করে ভেবে নাও।**

ক) Think before you leap.
খ) Look before you do.
গ) Think before you do anything.
ঘ) Look before you leap.

সঠিক উত্তরঃ Look before you leap.

• **Look before you leap (PHRASE/proverb):**

- English Meaning: You shouldn't act without first considering the possible consequences or dangers.
- বাংলা অর্থ - ভাবিয়া করিও কাজ।
- সম্ভাব্য ঘটনাবলি বিবেচনা না করে তড়িঘড়ি কিছু করো না (তুলনীয়
- ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না)।

Ex: As Simon noted, of course 'you should look before you leap,' but it is also true that 'he who hesitates is lost.

Source: Oxford Dictionary.

**৪৩) What parts of speech is the word 'Fatherly'?**

ক) adjective খ) verb
গ) adverb ঘ) noun

সঠিক উত্তরঃ adjective

• সাধারণত Noun + ly = Adjective.

- উল্লেখিত Fatherly শব্দটি - Noun words - Father এর সাথে - ly যুক্ত হয়ে যথাক্রমে adjective Fatherly হয়েছে।
- তাই এটি হচ্ছে adjective word.

**৪৪) Your clock has run ______**

ক) short খ) good
গ) down ঘ) up

সঠিক উত্তরঃ down

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে -down.

- Complete sentence: Your clock has run down.

**Run down (phrasal verb)**

English meaning: (of a vehicle/ machine) stop functioning due to losing power.

Bangla Meaning: (যন্ত্রপাতি) বিকল হয়ে যাওয়া।

যেমন - The boy was run down by joyriders.

Source: Oxford Learner's Dictionary.

**৪৫) The noun form of approve is-**

ক) approof খ) approveness
গ) approvalty ঘ) approval

সঠিক উত্তরঃ approval

• **Approve (verb)** - সমর্থন করা।

• **Approval (noun)**

English Meaning: an act or instance of approving something.

Bangla Meaning: অনুমোদন; সমর্থন।

Other forms:

→ Approve (verb),
→ Approved (adjective),
→ Approvedly (adverb),
→ Approvedness (noun),
→ Approvingly (adverb).

Source: Merriam-Webster Dictionary.

**৪৬) লাইনটি কেটে দাও-**

ক) Cut the line খ) Cross the line
গ) Give up the line ঘ) Pen through the line

সঠিক উত্তরঃ Pen through the line

• Sentence বা word কেটে দেওয়ার ক্ষেত্রে appropriate group verb হলো Pen through.

- কোন শব্দ বা বাক্য কেটে দেয়া বোঝাতে Pen through ব্যবহার হয়।
- সুতরাং, 'লাইনটি কেটে দাও' এর শুদ্ধ ইংরেজি - Pen through the line.

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৪৭) Metro rail is one of the greatest achievements of Bangladesh. Find out the correct sentence.**
ক) Metro rail is a very great achievement of Bangladesh.
খ) Very few achievements of Bangladesh are as great as Metro rail.
গ) Metro rail is greater than any other achievement of Bangladesh.
ঘ) No other achievement of Bangladesh is as great as Metro rail.
সঠিক উত্তরঃ Very few achievements of Bangladesh are as great as Metro rail.
• প্রশ্নটি করা হয়েছে Sentence Transformation এর উপর ভিত্তি করে।
- 'One of the' যুক্ত বাক্যকে দুইভাবে পরিবর্তন করা যায়।
**• One of the যুক্ত superlative sentence কে Positive করার গঠন হচ্ছে -**
- Very few+ positive degree এর পরের Plural Noun + Plural Verb+ as/so + Positive Degree+ as +Subject of Positive Degree.
• Superlative: Metro rail is one of the greatest achievements of Bangladesh.
- Positive: Very few achievements of Bangladesh are as great as Metro rail.
**• One of the যুক্ত superlative কে Comparative করতে -**
- Superlative sentence এর প্রথম subject টি প্রথমে বসে + verb বসবে +এরপর one of the বাদ যাবে + superlative degree এর comparative form বসে + than most other বসবে এবং সবশেষে superlative sentence টির বাকি অংশ বসবে। যেমন -
Superlative: Metro rail is one of the greatest achievements of Bangladesh.
Comparative: Metro rail is greater than most other achievements of Bangladesh.
• সুতরাং, বোঝা যাচ্ছে, প্রশ্ন সাপেক্ষে সঠিক উত্তর হচ্ছে - Very few achievements of Bangladesh are as great as Metro rail.

**৪৮) The synonym of 'Franchise' is -**
ক) charter খ) licence
গ) privilege ঘ) all of the above
সঠিক উত্তরঃ privilege
• 'Franchise'
English Meaning: A right to sell a company's products in a particular area using the company's name
Bangla Meaning: কর্তৃপক্ষ কর্তৃক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদত্ত বিশেষ অধিকার।
• অন্য অপশনগুলোর মধ্যে -
ক) Charter
English Meaning: A written grant by the sovereign or legislative power of a country, by which a body such as a city, company, or university is founded or its rights and privileges defined.
Bangla Meaning: সনদপত্র; সরকারি সনদ; ফরমান।
খ) Licence
English meaning: To give someone official permission to do or have something:
Bangla meaning: কোনো কাজ করার অনুমতিপত্র।
গ) Privilege
English Meaning: A special right, advantage, or immunity granted or available only to a particular person or group.
Bangla Meaning: যে অধিকার বা সুবিধা কোনো বিশেষ ব্যক্তি; শ্রেণি পদমর্যাদা বা পদাধিকারীর পক্ষেই শুধু ভোগ্য; বিশেষাধিকার।
• সুতরাং, বোঝা যাচ্ছে, The synonym of 'Franchise' is - Privilege.
Franchise দ্বারা যেমন বিশেষ অধিকার। বোঝায় তেমনি Privilege অর্থও বিশেষাধিকার।
Source: Accessible Dictionary by Bangla Academy and Cambridge Dictionary.

**৪৯) Choose the direct speech of the sentence: She told me to stand up.**
ক) She said, "Do stand up".
খ) She told, "Stand up".
গ) She said me, "Stand up".
ঘ) She said to me, "Stand up".
সঠিক উত্তরঃ She said to me, "Stand up".
• Imperative sentence-এর Direct speech করতে হলে told/ requested/ ordered/ commanded এর জায়গায় said to বসে।
- Indirect speech এর 'to' উঠে যায়।
- told me থাকলে said to হয়।
- এবং indirect speech এর 'to' উঠে যায়।
• তাই নিয়মানুযায়ী
Indirect: She told me to stand up.
Direct: She said to me, "Stand up"

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৫০) He said that he _____ the previous day.**

ক) has come
খ) came
গ) arrived
ঘ) had come

সঠিক উত্তরঃ had come

• বাক্যটাকে Direct Narration এ চিন্তা করলে এ রকম হয় He said, “I came yesterday”.

- Direct Speech এর Simple Past Tense, Indirect Speech এ Past Perfect Tense এ পরিবর্তিত হয়।

- Direct Narration - এ yesterday থাকলে Indirect Narration - এ the previous day হয়।

- প্রদত্ত বাক্যটি Direct Narration-এ Past Indefinite Tense-এ ছিলো, তাই Indirect Narration-এ Past Perfect Tense হবে।

• তাই শূন্যস্থানে had come বসবে।

- Complete sentence: He said that he had come the previous day.

## সাধারণ গণিত

**৫১) লাবিব, রামিম ও জিদানের বয়সের গড় অপেক্ষা লাবিব, রামিম ও শাফিনের বয়সের গড় ৫ বছর কম। শাফিনের বয়স ২০ বছর হলে জিদানের বয়স কত?**

ক) ২০ বছর
খ) ২৫ বছর
গ) ৩০ বছর
ঘ) ৩৫ বছর

সঠিক উত্তরঃ ৩৫ বছর

**সমাধান:**

প্রশ্নমতে,

লাবিব, রামিম ও জিদানের বয়সের গড় = (লাবিব + রামিম + জিদান)/৩

লাবিব, রামিম ও শাফিনের বয়সের গড় = (লাবিব + রামিম + শাফিন)/৩

প্রশ্নমতে,

(লাবিব + রামিম + জিদান)/৩ - (লাবিব + রামিম + শাফিন)/৩ = ৫

বা, (লাবিব + রামিম + জিদান - লাবিব - রামিম - শাফিন)/৩ = ৫

বা, জিদান - শাফিন = ৫ × ৩

বা, জিদান - শাফিন = ১৫

বা, জিদান = ১৫ + শাফিন

বা, জিদান = ১৫ + ২০

∴ জিদান = ৩৫

∴ জিদানের বয়স = ৩৫ বছর।

**৫২) দুইটি দলের সদস্য সংখ্যার ল.সা.গু ৯০ ও গ.সা.গু ১৫ হলে উভয় দলের সদস্য মোট কত জন?**

ক) ৬৫
খ) ৭৫
গ) ৮৫
ঘ) ৯৫

সঠিক উত্তরঃ ৭৫

**সমাধান:**

ধরি,

একটি দলের সদস্য সংখ্যা $15x$

অপর দলের সদস্য সংখ্যা $15y$

দলদ্বয়ের সদস্যদের ল.সা.গু = $15xy$

প্রশ্নমতে,

$15xy = 90$

বা, $xy = 90/15$

বা, $xy = 6$

বা, $xy = 3 \times 2$ অথবা, $(6 \times 1)$

$x = 3$ হলে একটি দলের সদস্য সংখ্যা= $15 \times 3 = 45$, অথবা, $x = 2$ হলে একটি দলের সদস্য সংখ্যা $= 15 \times 2 = 30$

$y = 2$ হলে অপর দলের সদস্য সংখ্যা $= 15 \times 2 = 30$, অথবা, $y = 3$ হলে অপর দলের সদস্য সংখ্যা $= 15 \times 3 = 45$

উভয় দলের সদস্য মোট $= 45 + 30 = 75$ জন।

**৫৩) কাফি ও খলিল একটি কাজ যথাক্রমে ১০ দিনে ও ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে করতে পারবে?**

ক) ৪
খ) ৫
গ) ৬
ঘ) ৭

সঠিক উত্তরঃ ৬

**সমাধান:**

কাফি ও খলিল ১ দিনে করে যথাক্রমে ১/১০ ও ১/১৫ অংশ।

দুই জনে একত্রে ১ দিনে করে = (১/১০ + ১/১৫) অংশ।

= (৬ + ৪)/৬০

= ১০/৬০ অংশ

= ১/৬ অংশ

দুই জনে একত্রে ১/৬ অংশ কাজ করে ১ দিনে

দুই জনে একত্রে ১ অংশ কাজ করে (১ × ৬) দিনে

= ৬ দিন

**৫৪) একটি লাঠির মোট দৈর্ঘ্যের ৪০% এর সাথে ৪৫ মিটার যোগ করলে সম্পূর্ণ লাঠির দৈর্ঘ্য পাওয়া যায়। লাঠিটির দৈর্ঘ্য কত?**

ক) ৬৫ মিটার
খ) ৭০ মিটার
গ) ৭৫ মিটার
ঘ) ৮০ মিটার

সঠিক উত্তরঃ ৭৫ মিটার।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

**সমাধান:**

ধরি,

লাঠিটির দৈর্ঘ্য = ক মিটার

প্রশ্নমতে,

(৪০ক/১০০) + ৪৫ = ক

বা, (৪০ক + ৪৫০০)/১০০ = ক

বা, ১০০ক = ৪০ক + ৪৫০০

বা, ১০০ক - ৪০ক = ৪৫০০

বা, ৬০ক = ৪৫০০

বা, ক = ৪৫০০/৬০

∴ ক = ৭৫

∴ লাঠিটির দৈর্ঘ্য = ৭৫ মিটার

**৫৫) বার্ষিক শতকরা (২৫/২)% সুদে কত টাকার ৪ বছরের সুদ ১০০ টাকা হবে?**

ক) ১০০ খ) ২০০

গ) ৩০০ ঘ) ৪০০

সঠিক উত্তরঃ ২০০

**সমাধান:**

দেওয়া আছে,

সুদের হার, $r$ = (২৫/২)% = ২৫/(২ × ১০০) = ২৫/২০০ = ১/৮

সময়, $n$ = ৪ বছর

সুদ, $I$ = ১০০ টাকা

ধরি,

আসল = $P$ টাকা

আমরা জানি,

$I = Pnr$

$\Rightarrow P = I/(nr)$

= ১০০/{৪ × (১/৮)}

= (১০০ × ৮)/৪

= ২০০

∴ আসল ২০০ টাকা।

**৫৬) ৫ টাকায় ৮ টি কলা ক্রয় করে ৫ টাকায় ৬ টি কলা বিক্রি করলে শতকরা কত টাকা লাভ হবে?**

ক) ৩০ $\frac{১}{৩}$%

খ) ৩১ $\frac{১}{৩}$%

গ) ৩২ $\frac{১}{৩}$%

ঘ) ৩৩ $\frac{১}{৩}$%

সঠিক উত্তরঃ ৩৩ $\frac{১}{৩}$%

**সমাধান:**

৮ টি কলার ক্রয়মূল্য ৫ টাকা

১ টি কলার ক্রয়মূল্য ৫/৮ টাকা

৬টি কলার বিক্রয়মূল্য ৫ টাকা

১টি কলার বিক্রয়মূল্য ৫/৬ টাকা

লাভ = (৫/৬) - (৫/৮) টাকা

= (২০ - ১৫)/২৪ টাকা

= ৫/২৪ টাকা

৫/৮ টাকায় ক্ষতি হয় ৫/২৪ টাকা

∴ ১০০ টাকায় ক্ষতি হয় = (৮ × ৫ × ১০০)/(২৪ × ৫) টাকা

= ১০০/৩ টাকা

= ৩৩(১/৩) টাকা

**৫৭) একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত লিটার?**

ক) ২ খ) ৩

গ) ৪ ঘ) ৬

সঠিক উত্তরঃ ২

**সমাধান:**

জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১

জারে দুধের পরিমাণ = ৫ক লিটার

জারে পানির পরিমাণ = ক লিটার

প্রশ্নমতে

৫ক - ক = ৮

বা, ৪ক = ৮

∴ ক = ২

∴ পানির পরিমাণ = ২ লিটার

**৫৮) $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদক নিচের কোনটি?**

ক) $(x + y)(x + 2y)(x + 3y)$

খ) $(x + y)(x - 2y)(x - 3y)$

গ) $(x - y)(x - 2y)(x + 3y)$

ঘ) $(x - y)(x + 2y)(x - 3y)$

সঠিক উত্তরঃ $(x + y)(x + 2y)(x + 3y)$

**সমাধান:**

$x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

$= x^3 + 3 \cdot x^2 \cdot 2y + 3 \cdot x \cdot (2y)^2 + (2y)^3 - xy^2 - 2y^3$

$= (x + 2y)^3 - y^2(x + 2y)$

$= (x + 2y)\{(x + 2y)^2 - y^2\}$

$= (x + 2y)(x + 2y + y)(x + 2y - y)$

$= (x + y)(x + 2y)(x + 3y)$

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৫৯) $x = \sqrt{5} + \sqrt{4}$ হলে $x^2 + (1/x^2)$ এর মান কত?**

ক) 36 খ) 27
গ) 18 ঘ) 9

সঠিক উত্তরঃ 18

**সমাধান:**

দেওয়া আছে,
$x = \sqrt{5} + \sqrt{4}$
$1/x = 1/(\sqrt{5} + \sqrt{4})$
$= (\sqrt{5} - \sqrt{4})/(\sqrt{5} - \sqrt{4}) (\sqrt{5} + \sqrt{4})$
$= (\sqrt{5} - \sqrt{4})/(\sqrt{5})2 - (\sqrt{4})2$
$= (\sqrt{5} - \sqrt{4})/(5 - 4)$
$= (\sqrt{5} - \sqrt{4})/1$
$1/x = \sqrt{5} - \sqrt{4}$
এখন,
$x + 1/x = \sqrt{5}+ \sqrt{4} + \sqrt{5} - \sqrt{4}$
$= 2\sqrt{5}$
$\therefore x^2 + (1/x^2) = (x + 1/x)^2 - 2 . x . 1/x$
$= (2\sqrt{5})^2 - 2$
$= 20 - 2$
$= 18$

**৬০) $18(x + y)^3$, $24(x + y)^2$ এবং $32(x^2 - y^2)$ এর গ.সা.গু কোনটি?**

ক) $2(x + y)$ খ) $x - y$
গ) $x + y$ ঘ) $2(x - y)$

সঠিক উত্তরঃ $2(x + y)$

**সমাধান:**

১ম রাশি $= 18(x + y)3$
$= 2 . 3 . 3 (x + y)(x + y)(x + y)$
২য় রাশি $= 24(x + y)^2$
$= 2 . 2 . 2 . 3 (x + y)(x + y)$
৩য় রাশি $= 32 (x^2 - y^2)$
$= 2 . 2 . 2 . 2 . 2 (x + y)(x - y)$
∴ রাশিগুলোর গ.সা.গু $= 2(x + y)$

$$(-27)^{\frac{4}{3}}$$ এর মান কত?

৬১)

ক) – 81 খ) 81
গ) ± 81 ঘ) ± 27

সঠিক উত্তরঃ 81

**সমাধান:**

$$(-27)^{\frac{4}{3}}$$
$$= (-3)^{3.\frac{4}{3}}$$
$$= (-3)^4$$
$$= 81$$

৬২)

$$\left(x^{p-q}\right)^{p+q}.\left(x^{q-r}\right)^{q+r}.\left(x^{r-p}\right)^{r+p} =$$ কত?

ক) 0 খ) p + q
গ) q + r ঘ) 1

সঠিক উত্তরঃ 1

**সমাধান:**

$$(x^{p-q})^{p+q} . (x^{q-r})^{q+r} . (x^{r-p})^{r+p}$$
$$= x^{(p-q)(p+q)} . x^{(q-r)(q+r)} . x^{(r-p)(r+p)}$$
$$= x^{p^2-q^2} . x^{q^2-r^2} . x^{r^2-p^2}$$
$$= x^{p^2-q^2+q^2-r^2+r^2-p^2}$$
$$= x^0$$
$$= 1$$

**৬৩) $\log_{10}x = - 2$ হলে x এর মান কত?**

ক) 0.01 খ) 0.001
গ) 0.05 ঘ) 0.005

সঠিক উত্তরঃ 0.01

**সমাধান:**

$\log_{10}x = - 2$
বা, $x = 10^{-2}$
বা, $x = 1/10^2$
বা, $x = 1/100$
$\therefore x = 0.01$

**৬৪) $(\log_{10}x)^2 = \log_{10}x^2$ হলে x এর মান কত?**

ক) 1, 0 খ) 1, 10
গ) 1, 100 ঘ) 10, 100

সঠিক উত্তরঃ 1, 100

**সমাধান:**

$(\log_{10}x)^2 = \log_{10}x^2$
বা, $(\log_{10}x)^2 = 2\log_{10}x$
বা, $(\log_{10}x)^2 - 2\log_{10}x = 0$
বা, $\log_{10}x (\log_{10}x - 2) = 0$

হয়, $\log_{10}x = 0$

বা, $x = 10^0$

∴ $x = 1$

অথবা,

$\log_{10}x - 2 = 0$

বা, $\log_{10}x = 2$

বা, $x = 10^2$

∴ $x = 100$

∴ $x = 1, 100$

**৬৫) একটি আয়তক্ষেত্রের পরিসীমা 40 মিটার। এর প্রস্থ 5 মিটার হলে, দৈর্ঘ্য কত মিটার হবে?**

ক) 15 খ) 20

গ) 25 ঘ) 30

সঠিক উত্তরঃ 15

**সমাধান:**

ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = ক

প্রশ্নমতে,

2(ক + 5) = 40

বা, ক + 5 = 40/2

বা, ক + 5 = 20

∴ ক = 15

∴ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 15 মিটার।

**৬৬) একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণ দুইটি 30° ও 60°; ত্রিভুজটির বাহু তিনটির অনুপাত কত?**

ক) $1 : \sqrt{3} : 2$ খ) $1 : 3 : \sqrt{2}$

গ) 1 : 2 : 3 ঘ) 1 : 3 : 2

সঠিক উত্তরঃ $1 : \sqrt{3} : 2$

সমাধান:

আমরা জানি,

ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°

কোণ তিনটি হলো 30°, 60° ও 90°

আবার

সমকোণী ত্রিভুজের

অতিভুজ$^2$ = লম্ব$^2$ + ভূমি$^2$

অপশন ক)

অতিভুজ$^2$ = $2^2$ = 4

লম্ব$^2$ + ভূমি$^2$ = $1^2 + (\sqrt{3})^2 = 1 + 3 = 4$

অপশন খ)

অতিভুজ$^2$ = $3^2$ = 9

লম্ব$^2$ + ভূমি$^2$ = $1^2 + (\sqrt{2})2 = 1 + 2 = 3$

অতিভুজ$^2$ ≠ লম্ব$^2$ + ভূমি$^2$

অপশন গ)

অতিভুজ$^2$ = $3^2$ = 9

লম্ব$^2$ + ভূমি$^2$ = $1^2 + 2^2 = 1 + 4 = 5$

অতিভুজ$^2$ ≠ লম্ব$^2$ + ভূমি$^2$

অপশন ঘ)

অতিভুজ$^2$ = $3^2$ = 9

লম্ব$^2$ + ভূমি$^2$ = $1^2 + 2^2 = 1 + 4 = 5$

অতিভুজ$^2$ ≠ লম্ব$^2$ + ভূমি$^2$

সঠিক উত্তর অপশন: ক

**৬৭) কোনো বৃত্তের যে কোনো একটি চাপের কেন্দ্রস্থ কোণ 30° হলে ঐ বৃত্তচাপের বৃত্তস্থ কোণের পূরক কোণের মান কত?**

ক) 15° খ) 45°

গ) 60° ঘ) 75°

সঠিক উত্তরঃ 75°

**সমাধান:**

আমরা জানি,

বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।

∴ বৃত্তস্থ কোণ = 30°/2 = 15°

আবার,

দুইটি কোণের পরিমাপের যোগফল এক সমকোণ হলে কোণ দুইটি একটি অপরটির পূরক কোণ।

অর্থাৎ, দুটি পূরক কোণের সমষ্টি = 30°

∴ 15 ডিগ্রি কোণের পূরক কোণ = 90° - 15° = 75°

**৬৮) 1 সে.মি., 2 সে.মি., 3 সে.মি. ও 4 সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট চারটি রেখাংশ দ্বারা কয়টি ত্রিভুজ অংকন করা যাবে?**

ক) 1 খ) 2

গ) 3 ঘ) 4

সঠিক উত্তরঃ 1

**সমাধান:**

1 সে.মি., 2 সে.মি., 3 সে.মি. ও 4 সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট চারটি রেখাংশ দ্বারা গঠিত ত্রিভুজ ৪টি।

1, 2, 3

1, 2, 4

1, 3, 4

2, 3, 4

কিন্তু, আমরা জানি,

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

ত্রিভুজের যে কোন দুই বাহুর দৈর্ঘ্য তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে।

1 + 2 = 3 = 3 [ত্রিভুজ অংকন সম্ভব নয়]

1 + 2 = 3 < 4 [ত্রিভুজ অংকন সম্ভব নয়]

1 + 3 = 4 = 4 [ত্রিভুজ অংকন সম্ভব নয়]

**2 + 3 = 5 > 4 [ত্রিভুজ অংকন সম্ভব]**

1 সে.মি., 2 সে.মি., 3 সে.মি. ও 4 সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট চারটি রেখাংশ দ্বারা ত্রিভুজ অংকন করা যাবে 1টি।


**৬৯) 5 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র থেকে 4 সে.মি. দূরবর্তী জ্যা এর দৈর্ঘ্য কত সে.মি.?**

ক) 4 খ) 5

গ) 6 ঘ) 7

সঠিক উত্তরঃ 6

**সমাধান:**




ধরি,

বৃত্তের ব্যাসার্ধ OA = 5 সে.মি.

কেন্দ্র হতে জ্যা এর দূরত্ব OC = 4 সে.মি.

এখন,

OAC সমকোণী ত্রিভুজে,

$AC = \sqrt{(OA^2 - OC^2)}$

$= \sqrt{(5^2 - 4^2)}$

$= \sqrt{(25 - 16)}$

$= \sqrt{9}$

= 3 সে.মি.

বৃত্তের কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন অন্য কোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

∴ জ্যা AB = 2 × AC

= 2 × 3 সে.মি.

= 6 সে.মি.

**৭০) একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 8 সে.মি.। ঐ বর্গক্ষেত্রের কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?**

ক) 128 খ) 130

গ) 132 ঘ) 140

সঠিক উত্তরঃ 128

**সমাধান:**

ধরি,

বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a = ৪ ফুট

বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2} \times$ ৪ ফুট

= ৪$\sqrt{2}$

অপর বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = ৪$\sqrt{2}$ ফুট

অপর বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(৪\sqrt{2})^2$

= 64 × 2 বর্গফুট

= 128 বর্গফুট

**৭১) বৃত্তের কোনো উপচাপে অন্তর্লিখিত কোণটি-**

ক) সূক্ষ্মকোণ খ) স্থূলকোণ

গ) সমকোণ ঘ) সরলকোণ

সঠিক উত্তরঃ স্থূলকোণ

**সমাধান:**

- সমকোণী ত্রিভুজের অতিভুজকে ব্যাস ধরে বৃত্ত অঙ্কন করলে তা সমকৌণিক শীর্ষ বিন্দু দিয়ে যাবে।
- কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ সূক্ষ্মকোণ।
- **কোনো বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ স্থূলকোণ।**
- বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
- বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণ গুলো পরস্পর সমান।
- অর্ধবৃত্তস্থ কোন এক সমকোণ।
- বৃত্তের পরিধি ও বৃত্তের ব্যাসার্ধ সমানুপাতিক।

**৭২) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। ক্ষেত্রফল 216 বর্গমিটার হলে, তার পরিসীমা কত মিটার?**

ক) 20 খ) 40

গ) 60 ঘ) 80

সঠিক উত্তরঃ 60

**সমাধান:**

ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মি.

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 3x/2 মি.

প্রশ্নমতে,

$(3x/2) . x = 216$

বা, $3x^2/2 = 216$

বা, $3x^2 = 432$

বা, $x^2 = 432/3$

বা, $x^2 = 144$

বা, $x^2 = 12^2$

∴ x = 12

আয়তক্ষেত্রের প্রস্থ = 12 মি.

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 3x/2 মি. = (3 . 12)/2 = 18

∴ আয়তক্ষেত্রের পরিসীমা = 2(18 + 12) = 2 . 30 = 60 মি.

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৭৩) ক : খ = ৪ : ৫ এবং খ : গ = ৭ : ৮ হলে ক : গ = কত?**

ক) ১ : ২  খ) ৪ : ৮

গ) ৭ : ১০  ঘ) ৫ : ৮

সঠিক উত্তরঃ ৭ : ১০

**সমাধান:**

ক : খ = ৪ : ৫ = (৪ × ৭) : (৫ × ৭) = ২৮ : ৩৫

খ : গ = ৭ : ৮ = (৭ × ৫) : (৮ × ৫) = ৩৫ : ৪০

ক : গ = ২৮ : ৪০ = ৭ : ১০

**৭৪) $-2x^2 + 4x - 5$ রাশিটির সর্বোচ্চ মান কত?**

ক) – 1  খ) - 2

গ) – 3  ঘ) - 4

সঠিক উত্তরঃ - 3

**সমাধান:**

$-2x^2 + 4x - 5$

ধরি,

$x = 0$

$-2 . 0 + 4 . 0 - 5 = -5$

$x = 1$ হলে,

$-2 . (1)^2 + 4 . 1 - 5 = -2 + 4 - 5 = -3$

$x = -1$ হলে,

$-2 . (-1)^2 + 4 . (-1) - 5 = -2 - 4 - 5 = -11$

যখন, $x = 1$ তখন $-2x^2 + 4x - 5$ রাশিটির সর্বোচ্চ মান - 3.

**৭৫) PQ রেখাংশকে R বিন্দুতে এমনভাবে অন্তর্বিভক্ত করা হলো যেন PQ : PR = PR : QR হয় যখন PR > QR; সমানুপাতটি কত?**

ক) 1 : 1.618  খ) 1 : 0.618

গ) 1.618 : 1  ঘ) 0.618 : 1

সঠিক উত্তরঃ 1 : 0.618


**সমাধান:**

ধরি,

PR = a

QR = b

PR > QR ⇒ a > b




দুটি রাশির অনুপাত, যদি রাশি দুটির যোগফল এবং রাশিদ্বয়ের মাঝে যে বড় তাদের অনুপাতের সমান হয় তাহলে সেই অনুপাতকে (Golden Ratio) স্বর্ণালী অনুপাত বলে। এই অনুপাতটিকে গ্রিক ফাই (φ) চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়। যার সাংখ্যিক মান 1.618033988749....

অর্থাৎ, a > b এবং a/b = (a + b)/a হলে,

a/b = (a + b)/a = φ = 1.618033988749.... হবে

প্রদত্ত প্রশ্নে বলা আছে,

PQ : PR = PR : QR

⇒ PQ/PR = PR/QR

⇒ (PR + QR)/PR = PR/QR

⇒ (a + b)/a = a/b

∴ Golden Ratio এর সূত্রানুসারে আমরা পাই,

(a + b)/a = a/b = 1.618 [দশমিকের আসন্ন তিন ঘর পর্যন্ত মান নিয়ে]

⇒ (a + b)/a = 1.618

⇒ a/a + b/a = 1.618

⇒ 1 + b/a = 1.618

⇒ b/a = 1.618 - 1

⇒ b/a = 0.618

⇒ a/b = 1/0.618

⇒ PR/QR = 1/0.618

∴ PR : QR = 1 : 0.618

## সাধারণ জ্ঞান

**৭৬) বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য কত?**

ক) ৩.৩০ কি.মি  খ) ৩.৩১ কি.মি

গ) ৩.৩২ কি.মি  ঘ) ৩.৩৩ কি.মি

সঠিক উত্তরঃ ৩.৩২ কি.মি

বঙ্গবন্ধু টানেল:

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৮শে অক্টোবর ২০২৩ সালে টানেলটি উদ্বোধন করেন।
- বাংলাদেশ সরকার টানেলের নামকরণ করেছে বঙ্গবন্ধু টানেল।
- দক্ষিণ এশিয়ার নদীর তলদেশ দিয়ে যানবাহন চলাচলকারী প্রথম টানেল।
- মোট দৈর্ঘ্য – ৯.৩৯ কিমি।
- মূল টানেলের দৈর্ঘ্য – ৩.৩১৫ কিমি অথবা **৩.৩২ কিমি**।
- এপ্রোচ সড়কের দৈর্ঘ্য – ৫.৩৫ কিমি।
- টানেলের ধরন – দুই লেনের ডুয়েল টানেল।
- প্রবেশপথ – চট্টগ্রাম বিমানবন্দর ও সমুদ্রবন্দরের কাছে, কর্ণফুলী নদীর ভাটির দিকে নেভি কলেজের কাছে।
- বহির্গমন – আনোয়ারা প্রান্তে সার কারখানার কাছে।

উৎস: বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ & বিবিসি বাংলা পত্রিকা রিপোর্ট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৭৭) বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোন জেলা?**

ক) ভোলা খ) সাতক্ষীরা
গ) চাঁদপুর ঘ) নোয়াখালী

সঠিক উত্তরঃ ভোলা

ভোলা ব-দ্বীপ:

- বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ।
- **ভোলা বাংলাদেশের বৃহত্তম প্রাচীন গাঙ্গেয় ব-দ্বীপ।**
- জেলা হিসেবে স্বীকৃতি পায় ১৯৮৪ সালে।
- নোয়াখালী জেলার অধিনে sub division হিসেবে স্বীকৃতি পেয়েছিল ১৮৪৫ সালে।
- বর্তমান ভোলা জেলাতে ৭ টি উপজেলা, ৭০ টি ইউনিয়ন রয়েছে।

এছাড়াও,

- বঙ্গোপসাগরে অবস্থিত বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ সেন্ট মার্টিন।
- এর স্থানীয় নাম নারিকেল জিঞ্জিরা।

**[বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ সুন্দরবন। অপশনে সুন্দরবন না থাকায় অধিক গ্রহনযোগ্য হিসেবে ভোলা উত্তর নেওয়া হয়েছে।]**

সূত্র: জাতীয় তথ্য বাতায়ন।[লিঙ্ক]

**৭৮) কোন সাময়িকী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এশিয়ার আয়রন লেডি খেতাবে ভূষিত করে?**

ক) দ্য ইকোনমিস্ট খ) নিউজ উইকস
গ) দ্য গার্ডিয়ান ঘ) রয়টার্স

সঠিক উত্তরঃ দ্য ইকোনমিস্ট

এশিয়ার 'আয়রন লেডি' শেখ হাসিনা:

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এশিয়ার 'আয়রন লেডি' হিসেবে উল্লেখ করেছে ব্রিটিশ সাময়িকী **দ্য ইকোনমিস্ট।**
- বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের সবচেয়ে বেশি সময় ক্ষমতায় থাকা নারী সরকারপ্রধান।

অন্যদিকে,

- লেডি অব ঢাকা- যুক্তরাষ্ট্র ভিত্তিক প্রভাবশালী বিজনেস ম্যাগাজিন 'ফোর্বস'।
- মাদার অব হিউম্যানিটি- ব্রিটিশ মিডিয়া।
- কারিশম্যাটিক লিডার- মিশরের রাষ্ট্রদূত মাহামুদ ইজ্জত।
- বিশ্ব মানবতার বিবেক- কলম্বিয়ার প্রেসিডেন্ট জুয়ান ম্যানুয়েল সন্তোস।
- বিরল মানবতাবাদী নেতা- তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান।

উৎস: প্রথম আলো ও যুগান্তর পত্রিকা রিপোর্ট।

**৭৯) বাংলাদেশের রূপপুর পারমাণবিক প্রকল্পের সহায়তাকারী দেশ কোনটি?**

ক) ভারত খ) চীন
গ) রাশিয়া ঘ) যুক্তরাষ্ট্র

সঠিক উত্তরঃ রাশিয়া

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র:

- পাবনা জেলার রূপপুরে পারমাণবিক চুল্লি নির্মিত হয়েছে **রাশিয়ার সহায়তায়।**
- রূপপুর কেন্দ্রে দুটি ইউনিটে ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে।
- এই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে প্রাথমিকভাবে এক লক্ষ তের হাজার কোটি টাকারও বেশি খরচ ধরা হয়েছে।
- বাংলাদেশে একক প্রকল্প হিসেবে এটি সবচেয়ে বড় কোনো অবকাঠামো প্রকল্প।

সূত্র: বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

**৮০) মহাস্থান গড় কোন নদীর তীরে অবস্থিত?**

ক) কপোতাক্ষ খ) যমুনা
গ) মেঘনা ঘ) করতোয়া

সঠিক উত্তরঃ করতোয়া

- মহাস্থানগড়:

- **মহাস্থানগড় বাংলাদেশের একটি অন্যতম প্রাচীন নগরী।**
- প্রসিদ্ধ এই নগরী ইতিহাসে পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর নামেও পরিচিত ছিল।
- প্রাচীন নগরী পুন্ড্রবর্ধনের রাজধানী মহাস্থানগড় বগুড়ায় অবস্থিত করতোয়া নদীর তীরে অবস্থিত।

উৎস: বাংলাপিডিয়া।

**৮১) ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন দুই নারীকে 'বীরপ্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?**

ক) তারামন বিবি ও ময়মুনা বিবি
খ) সিতারা বেগম ও ময়মুনা বিবি
গ) তারামন বিবি ও সিতারা বেগম
ঘ) ময়মুনা বিবি ও তারামন বিবি

সঠিক উত্তরঃ তারামন বিবি ও সিতারা বেগম

মুক্তিযুদ্ধের খেতাব:

- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সাহসী ভূমিকা পালনের জন্য যে দুই নারী 'বীরপ্রতীক' খেতাব পেয়েছেন, তাঁদের একজন ক্যাপ্টেন **ডা. সিতারা বেগম এবং অন্যজন তারামন বিবি।**
- ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পর দীর্ঘ ২৫ বছর লোকচক্ষুর অন্তরালে ছিলেন তারামন বিবি। তাঁর নাম ছিল শুধু গেজেটের পাতায়।
- তারামন বিবি মুক্তিবাহিনীর ১১ নম্বর সেক্টরের একটি দলের সঙ্গে ছিলেন।
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় আহত বা অসুস্থ মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা দেওয়ার জন্য বিভিন্ন সেক্টরে হাসপাতাল বা চিকিৎসা কেন্দ্র স্থাপন করা হয়েছিল। এ রকম একটি হাসপাতাল ছিল ২ নম্বর সেক্টরে। নাম 'বাংলাদেশ হাসপাতাল'। এখানে ডা. জাফরউল্লাহ, ডা. মোবিন, ডা. আখতার, ডা. সিতারা বেগমসহ আরও অনেক চিকিৎসক, মেডিকেল কলেজে অধ্যয়নরত ছাত্রছাত্রী ও সেবিকা নিয়োজিত ছিলেন।

উৎস: চিরন্তন ১৯৭১, প্রথম আলো পত্রিকা রিপোর্ট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৮২) ওয়াংগালা কাদের উৎসব?**

ক) কুকিদের খ) গারোদের
গ) চাকমাদের ঘ) মারমাদের

সঠিক উত্তরঃ গারোদের

গারো:

- বাংলাদেশে গারো উপজাতির মূল নিবাস ময়মনসিংহ জেলার গারো পাহাড়ি এলাকায়।
- তাছাড়াও শেরপুর, নেত্রকোনা, রংপুর, জামালপুর, সিলেট ও মৌলিবাজার গারো উপজাতি বাস করে।
- গারোদের ঐতিহ্যবাহী ধর্মের নাম সাংসারেক।
- গারোদের প্রধান দেবতা তাতারা রাবুগা।
- গারোদের ধর্ম খ্রিস্টান।
- **গারোদের উৎসব ওয়ানগালা।**
- গারোদের ভাষা মান্দি।
- গারোদের পরিবার মাতৃতান্ত্রিক।

উৎস: বাংলাপিডিয়া।

**৮৩) বাংলাদেশে প্রথম আদমশুমারী হয় কবে?**

ক) ১৯৭২ সালে খ) ১৯৭৩ সালে
গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৮১ সালে

সঠিক উত্তরঃ ১৯৭৪ সালে

আদমশুমারি:

- স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় **১৯৭৪ সালে।**
- প্রথম আদমশুমারিতে বাংলাদেশের জনসংখ্যা ছিল প্রায় ৭.৬৪ কোটি।
- এ পর্যন্ত বাংলাদেশে মোট ৬টি আদমশুমারি অনুষ্ঠিত হয়েছে।

যথা- ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১ ও ২০২২ সালে।

- ষষ্ঠ আদমশুমারির নাম 'জনশুমারি ও গৃহগণনা'।
- পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে শুমারি অনুষ্ঠিত হয়।

উৎস: পরিকল্পনা মন্ত্রণালপয় ওয়েবসাইট।

**৮৪) বঙ্গভঙ্গ রদ করা হয় কত সালে?**

ক) ১৯০৫ সালে খ) ১৯১১ সালে
গ) ১৯০৬ সালে ঘ) ১৯০৯ সালে

সঠিক উত্তরঃ ১৯১১ সালে

• বঙ্গভঙ্গ:

- ১৯০৫ সালের ১ সেপ্টেম্বর বঙ্গভঙ্গের ঘোষণা করা হয় এবং ১৫ অক্টোবর থেকে তা কার্যকর হয়।
- এটি ভারতীয় উপমহাদেশের জাতীয়তাবাদ ও জাতীয়তাবাদী আন্দোলনের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা।
- এ বঙ্গভঙ্গকে পূর্ববাংলার মুসলমান সম্প্রদায় আশীর্বাদ বলে স্বাগত জানায়।
- কিন্তু হিন্দু জনগণ বিশেষ করে বুদ্ধিজীবী ও রাজনৈতিক নেতারা এটিকে কোনভাবেই মেনে নেয় নি।
- তারা নানারকম ষড়যন্ত্র করতে থাকে। তাদের এ আন্দোলন সহিংস রূপ ধারণ করে।
- ফলে তাদের এ চাপের মুখে পড়ে ব্রিটিশ সরকার বঙ্গভঙ্গ রদ করতে বাধ্য হয়।
- এবং পুনরায় পূর্ববঙ্গকে পশ্চিমবঙ্গের সাথে একত্রিত করা হয়। এটিই মূলত বঙ্গভঙ্গ রদ।

• বঙ্গভঙ্গ রদ:

**- ১৯১১ সালের ১২ ডিসেম্বর সম্রাট পঞ্চম জর্জ দিল্লিতে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে বঙ্গভঙ্গ রদের কথা ঘোষণা করেন।**

- এবং পূর্ববঙ্গকে পশ্চিমবঙ্গের সাথে পুনরায় এক করেন।

• বঙ্গভঙ্গ রদের ফলাফল:

- বঙ্গভঙ্গ রদের ফলে ভারতীয় উপমহাদেশে হিন্দু – মুসলমানদের সম্প্রতি নষ্ট হয়। সাম্প্রদায়িকতা ও স্বাতন্ত্র্যবোধ প্রসার লাভ করে।
- ধর্মকেন্দ্রিক জাতীয়তার বীজ অঙ্কুরিত হয়।
- মুসলমানদের মাঝে রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি পায়।
- তারা বুঝতে পারে যে আপস নয় বরং সংগ্রামের পথেই উন্নতি ও স্বাধীনতার পথে তাদেরকে আগাতে হবে।
- অর্থাৎ মুসলমানগণ তাদের রাজনৈতিক স্বার্থ সংরক্ষণে আরও তৎপর হয়ে উঠতে থাকে।

উৎস- বাংলাপিডিয়া।

**৮৫) নিচের কোন কর্মসূচিকে ম্যাগনাকার্টা হিসেবে গণ্য করা হয়?**

ক) ১১ দফা খ) ২১ দফা
গ) ৬ দফা ঘ) ৪ দফা

সঠিক উত্তরঃ ৬ দফা

• 'ছয় দফা':

- ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে একটি সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত একটি কর্মসূচি ঘোষণা করেন। ইতিহাসে এটিই ৬ দফা কর্মসূচি নামে পরিচিত।
- পরবর্তীতে ২৩ মার্চ, ১৯৬৬ সালে লাহোরের এক সংবাদ সম্মেলনে শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ৬ দফা দাবি ঘোষণা করেন।

**- ৬ দফা দাবিকে বাঙালি জাতির 'মুক্তির সনদ' বা 'ম্যাগনেকার্টা' হিসাবে পরিচিত।**

- ৬ দফাকে বাঙালির মুক্তির সনদ বলার কারণ - এটি বাঙালির ন্যায্য অধিকারের সনদ।
- ছয় দফা দাবি ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' এর ভিত্তিতে রচিত।
- ছয় দফা আন্দোলনের প্রথম শহিদ - মনু মিয়া।

উৎস: ইতিহাস প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৮৬) হিজবুল্লাহ কোন দেশভিত্তিক সংগঠন -**

ক) জর্ডান খ) ফিলিস্তিন
গ) মিশর ঘ) লেবানন

সঠিক উত্তরঃ লেবানন

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• হিজবুল্লাহ:
- লেবাননের শিয়া সম্প্রদায়ভুক্ত সামরিক সংগঠন হচ্ছে **হিজবুল্লাহ**।
- ১৯৮৫ সালে সংগঠনটি গঠিত হয়।
- সংগঠনটি মূলত ইসলামিক জাতীয়তাবাদ, ইহুদিবাদ বিরোধী ও পশ্চিমা সংস্কৃতি বিরোধী।
- মূলত ইরানের উদ্যোগেই হিজবুল্লাহ সংগঠনটির জন্ম হয়েছিল।
- হিজবুল্লাহ লেবাননে একটি শক্তিশালী গ্যারিলা গ্রুপের জন্ম দিয়েছে।
- এজন্য হিজবুল্লাহকে বলা হয় 'রাষ্ট্রের ভেতরে আলাদা রাষ্ট্র'।
- হিজবুল্লাহ লেবানন সরকারে প্রতিনিধিত্ব করছে।
উৎস: আন্তর্জাতিক রাজনীতিকোষ - তারেক শামসুর রেহমান।

**৮৭) জাপানের পার্লামেন্টের নাম কী?**
ক) ডায়েট খ) কায়েট
গ) লোকসভা ঘ) ন্যাশনাল এসেম্বলী
সঠিক উত্তরঃ ডায়েট
• জাপান:
- জাপান এশিয়ার অন্যতম ধনী রাষ্ট্র।
- অতীতকালে জাপান Nippon বা Nihon নামে পরিচিত ছিলো।
- জাপানের পার্লামেন্টর নাম - **ডায়েট**।
- জাপানের পার্লামেন্ট 'ডায়েট' দুই কক্ষ বিশিষ্ট।
- উচ্চকক্ষ-হাউস অফ কাউন্সিলর (House of Councillors) ২৪২ আসন।
- নিম্নকক্ষ - হাউস অফ রিপ্রেজেন্টেটিভস (House of Representatives) - ৪৭৫ আসন।
সূত্র: ব্রিটানিকা।

**৮৮) 'ফিফা বিশ্বকাপ ২০২৬' কোথায় অনুষ্ঠিত হবে?**
ক) যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো খ) জেনেভা, রাশিয়া, ফ্রান্স
গ) ভিয়েনা, অস্ট্রিয়া, ভেনিজুয়েলা ঘ) কাতার, দুবাই, বাহরাইন
সঠিক উত্তরঃ যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো
ফিফা বিশ্বকাপ:
- ফিফা বিশ্বকাপের ২৩ তম আসরটি অনুষ্ঠিত হবে ২০২৬ সালে।
- **কানাডা, মেক্সিকো, মার্কিন যুক্তরাষ্ট্র** এই তিনটি দেশ একসঙ্গে ফিফা বিশ্বকাপ এর ২৩ তম আসরটি আয়োজন করবে।
- ২০২৬ ফিফা বিশ্বকাপে ৪৮টি দল অংশগ্রহণ করবে।
উৎস: ফিফার অফিসিয়াল ওয়েবসাইট।

**৮৯) SDG জাতিসংঘের কততম সাধারণ পরিষদে গৃহীত হয়?**
ক) ৫৫ তম খ) ৭০ তম
গ) ৭২ তম ঘ) ৭৩ তম
সঠিক উত্তরঃ ৭০ তম
টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG):
- SDG এর পূর্ণরূপ Sustainable Development Goals বা টেকসই উন্নয়ন লক্ষ্য ।
- SDGS-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।
- SDG জাতিসংঘের **৭০ তম সাধারণ পরিষদে গৃহীত হয়।**
- এতে মোট ১৭টি বৈশ্বিক লক্ষ্য (Goals) এর আওতায় ১৬৯টি টার্গেট অন্তর্ভুক্ত রয়েছে।
- বিশ্বের সকল দেশের সকল নাগরিকের জন্য একটি অধিকতর উন্নত ভবিষ্যৎ নিশ্চিতের জন্য জাতিসংঘ টেকসই উন্নয়ন লক্ষ্য প্রণয়ন করে।
লক্ষ্যমাত্রাসমূহ হলো:
• দারিদ্র্য নির্মূল।
• ক্ষুধামুক্তি।
• সুস্বাস্থ।
• মানসম্মত শিক্ষা।
• লিঙ্গ সমতা।
• বিশুদ্ধ পানি ও স্যানিটেশন।
• সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি।
• উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি।
• শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো।
• বৈষম্য হ্রাস।
• টেকসই শহর ও জনগণ।
• পরিমিত ভোগ ও উৎপান।
• জলবায়ু বিষয়ে পদক্ষেপ।
• সামুদ্রিক বাস্তুসংস্থান।
• স্থলভাগের জীবন।
• শান্তি, ন্যায়বিচার ও শক্তিশালী প্রতিষ্ঠান।
• অভিষ্টের জন্যে অংশীদারিত্ব।
সূত্র: জাতিসংঘ ও SDG অফিসিয়াল ওয়েবসাইট।

**৯০) থাইল্যান্ডের মুদ্রার নাম কী?**
ক) লিরা খ) ক্রোনা
গ) বাথ ঘ) রিংগিত
সঠিক উত্তরঃ বাথ
মুদ্রার নাম :
**- দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ থাইল্যান্ডের মুদ্রার নাম বাথ।**
অন্যদিকে,
- রিঙ্গিত : মালয়েশিয়ার মুদ্রা।
- লিরা : তুরস্কের মুদ্রা।
উৎস: এনসাইক্লোপিডিয়া অব ব্রিটানিয়া।

**৯১) ২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?**
ক) তাওয়াক্কোল কারমান খ) নার্গিস মোহাম্মদী
গ) মালালা ইউসুফ জাই ঘ) শিরিন এবাদী
সঠিক উত্তরঃ নার্গিস মোহাম্মদী
- শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন ইরানে কারাবন্দী **নার্গিস মোহাম্মদী**।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• নোবেল পুরস্কার ২০২৩:
- ২০২৩ সালে যৌথভাবে চিকিৎসাশাস্ত্রে নোবেল পুরস্কার পেলেন ক্যাটালিন কারিকো ও ড্রু উইসম্যান।
- পদার্থ বিজ্ঞানে নোবেল পেয়েছেন পিয়েরে অ্যাগোস্টিনি, ফেরেন্স ক্রাউস, অ্যান হুইলেয়ার।
- রসায়নশাস্ত্রে ২০২৩ সালের নোবেল পুরস্কার পেয়েছেন মুঙ্গি বাওয়েন্ডি (ফ্রান্স), লুই ব্রুস (যুক্তরাষ্ট্র) ও আলেক্সি ইয়াকিমভ (সাবেক সোভিয়েত ইউনিয়ন)।
- ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন নরওয়েজীয় লেখক জন ফসি।
- অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ক্লদিয়া গোলডিন।
উৎস: নোবেল পুরস্কার ওয়েবসাইট।

**৯২) IMF-এর সদর দপ্তর কোথায়?**
ক) ওয়াশিংটন ডিসি খ) নিউইয়র্ক
গ) জেনেভা ঘ) রোম
সঠিক উত্তরঃ ওয়াশিংটন ডিসি
আন্তর্জাতিক মুদ্রা তহবিল:
- প্রতিষ্ঠাকাল:- গঠনের সিদ্ধান্ত - ৪ জুলাই, ১৯৪৪ সাল।
- প্রতিষ্ঠাকালীন সম্মেলন:- Bretton Woods Conference.
- আনুষ্ঠানিক প্রতিষ্ঠা/চুক্তি কার্যকর - ২৭ ডিসেম্বর, ১৯৪৫ সাল।
- কার্যকর শুরু:- ১৯৪৭ সালের মার্চে।
- IMF এর বর্তমান সদস্য সংখ্যা ১৯০টি।
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এর সদর দপ্তর **মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে** অবস্থিত।
তথ্যসূত্র:- IMF ওয়েবসাইট।

**৯৩) জাতিসংঘের প্রথম মহাসচিব কে?**
ক) উ-থান্ট খ) ট্রিগভেলী
গ) দ্যাগ হেমারশোল্ড ঘ) গুতেরেস
সঠিক উত্তরঃ ট্রিগভেলী
• জাতিসংঘ:
- জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন **ট্রিগভেলি (নরওয়ে)**।
- জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব - আন্তোনিও গুতেরেস (পর্তুগাল) জানুয়ারি, ২০১৭ - বর্তমান।
- জাতিসংঘের মহাসচিব ৫ বছরের জন্য নির্বাচিত হন।
- জাতিসংঘের দুইজন মহাসচিব নোবেল পুরস্কার পান।
- নোবেল পুরস্কার প্রাপ্ত মহাসচিবরা হলেন - দ্যাগ হ্যামারশোল্ড (১৯৬১) ও কফি আনান (২০০১)।
সূত্র: জাতিসংঘের ওয়েবসাইট।

**৯৪) জ্বালানী তেল উৎপাদনে শীর্ষে কোন দেশ?**
ক) যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য
গ) ইরাক ঘ) সৌদি আরব
সঠিক উত্তরঃ যুক্তরাষ্ট্র
জ্বালানি তেল:
- বিশ্বে জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ **যুক্তরাষ্ট্র** (11.2 million BPD).
- তেল উৎপাদনে শীর্ষ ২য় দেশ - রাশিয়া।
- ৩য় অবস্থানে রয়েছে সৌদি আরব।
সূত্র: Forbes.Com ও প্রথম আলো পত্রিকা রিপোর্ট।

**৯৫) 'লেইস ফেয়ার' নীতি নিচের কোনটির সাথে সম্পর্কযুক্ত?**
ক) সমাজতান্ত্রিক খ) খেলাধুলা
গ) গণতন্ত্র ঘ) মুক্তবাজার
সঠিক উত্তরঃ মুক্তবাজার
লেইস ফেয়ার:
- 'লেইস ফেয়ার' (Laissez-faire) হল **মুক্ত-বাজার পুঁজিবাদের** একটি অর্থনৈতিক দর্শন যা সরকারি হস্তক্ষেপের বিরোধিতা করে।
- অষ্টাদশ শতাব্দীতে ফরাসি ফিজিওক্র্যাটদের দ্বারা 'লেইস ফেয়ার' তত্ত্বটি তৈরি করেন।
- Laissez-faire উকিল যে অর্থনৈতিক সাফল্য বাধাগ্রস্ত হয় যখন সরকার ব্যবসা এবং বাজারে জড়িত হয়।
- এর ফলে স্ব-দায়িত্ব এবং উদ্ভাবনকে উৎসাহিত করা হয়।
উৎস: imf.org & Investopedia.Com

**৯৬) কোনটি জলবায়ুর উপাদান নয়?**
ক) বায়ু প্রবাহ খ) বারিপাত
গ) সমুদ্র স্রোত ঘ) বায়ুর আর্দ্রতা
সঠিক উত্তরঃ সমুদ্র স্রোত
**জলবায়ু:**
- কোনো একটি নির্দিষ্ট স্থানের বায়ুর তাপ, চাপ, আর্দ্রতা, মেঘাচ্ছন্নতা, বৃষ্টিপাত ও বায়ুপ্রবাহের দৈনন্দিন সামগ্রিক অবস্থাকে সেই দিনের আবহাওয়া বলে।
- কোনো একটি অঞ্চলের সাধারণত ৩০-৪০ বছরের গড় আবহাওয়ার অবস্থাকে জলবায়ু বলে।
- কাজেই জলবায়ু হলো কোন একটি অঞ্চলের অনেক দিনের বায়ুমণ্ডলের নিম্নস্তর বা ট্রপোমন্ডলের সামগ্রিক অবস্থা।
- আবহাওয়া ও জলবায়ুর উপাদানগুলো হলো-
• বায়ুর তাপ/উষ্ণতা,
• বায়ুর চাপ,
• **বায়ুপ্রবাহ,**
• **বায়ুর আর্দ্রতা** ও
• **বারিপাত** ইত্যাদি।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

অন্যদিকে,

- **'সমুদ্রস্রোত'** জলবায়ুর উপাদান নয় এটি জলবায়ুর একটি নিয়ামক।

**উৎস:** ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি এবং ভূগোল ও পরিবেশ, এসএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৯৭) সবজি চাষ বিদ্যাকে কী বলে?**

ক) Horticulture খ) Aroboriculture

গ) Floriculture ঘ) Vegiculture

সঠিক উত্তরঃ Horticulture

**আধুনিক চাষ:**

- সবজি চাষ পালন বিষয়ক বিদ্যাকে বলা হয়- অলেরিকালচার (Olericulture)।

- **অলেরিকালচার হলো হর্টিকালচারের একটি শাখা** যা শাকসবজি উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং বাজারজাতকরণের সাথে সম্পর্কিত। *যেহেতু অপশনে অলেরিকালচার নেই, তাই অধিক গ্রহণযোগ্য হিসেবে হর্টিকালচার নেওয়া হয়েছে।*

অন্যদিকে,

- বৃক্ষবিদ্যার ইংরেজি আর্বোরিকালচার (Arboriculture) শব্দটি ইংরেজি "Arbor" শব্দ থেকে এসেছে।

- Arbor শব্দের অর্থ "নিকুঞ্জ" (অর্থাৎ, বৃক্ষছায়ায় ঘাস আচ্ছাদিত স্থান)।

- বৃক্ষবিদ্যায় মূলত সৌন্দর্যবর্ধনের জন্য বিভিন্ন উদ্ভিদ চাষ ও ব্যবস্থাপনা (অর্থাৎ, নিকুঞ্জ তৈরি) সংক্রান্ত আলোচনা রয়েছে বলে এর এরূপ নামকরণ করা হয়েছে।

**[Aroboriculture ও Vegiculture বানান দুইটি মূল পরীক্ষার অপশনে ভুল রয়েছে যার সঠিক বানান হবে Arboriculture ও Vegeculture]**

- ফুল ও ফুলগাছের চাষাবাদকে বলা হয়- ফ্লোরিকালচার (Floriculture)।

**অন্যান্য আধুনিক চাষ:**

- রেশম চাষ বিদ্যাকে বলা হয়- সেরিকালচার।
- মৎস্য চাষ বিদ্যাকে বলা হয়- পিসিকালচার।
- মৌমাছি পালন বিদ্যাকে বলা হয়- এপিকালচার।
- পাখি পালন বিদ্যাকে বলা হয়- এভিকালচার।
- চিংড়ি চাষ বিদ্যাকে বলা হয়- প্রণকালচার।
- উদ্যান পালন বিদ্যাকে বলা হয়- হর্টিকালচার।

**উৎস:** এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকা এবং বাংলাপিডিয়া ওয়েবসাইট।

**৯৮) বাংলাদেশে সবচেয়ে কম ভূমিকম্প ঝুঁকিপূর্ণ অঞ্চল কোনটি?**

ক) উত্তর-পশ্চিম খ) দক্ষিণ

গ) দক্ষিণ-পশ্চিম ঘ) মধ্য অঞ্চল

সঠিক উত্তরঃ দক্ষিণ-পশ্চিম

**ভূমিকম্প:**

- বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগসমূহের মধ্যে ভূমিকম্প সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে।

- ভৌগোলিক অবস্থান এবং ভূ-গাঠনিক কারণে ভূমিকম্পের ঝুঁকির মধ্যে রয়েছে বাংলাদেশ।

- ১৯৯৩ সালে বাংলাদেশকে তিনটি ভূমিকম্পপ্রবণ অঞ্চলে বিভক্ত করা হয়। যথা-

- রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৭ হলে মারাত্মক ঝুঁকিপূর্ণ,
- রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৬ হলে মাঝারি ঝুঁকিপূর্ণ এবং
- রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৫ হলে কম ঝুঁকিপূর্ণ অঞ্চল হিসেবে গণ্য হবে।

- তাত্ত্বিক গঠনগত দিক থেকে বাংলাদেশের সর্বোচ্চ ভূমিকম্পপ্রবণ এলাকা যথাক্রমে-

১. মারাত্মক ঝুঁকিপূর্ণ অঞ্চল- দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল এর অন্তর্ভুক্ত।

২. মাঝারি ঝুঁকিপূর্ণ অঞ্চল- দেশের মধ্যাঞ্চল এর অন্তর্ভুক্ত।

৩. কম ঝুঁকিপূর্ণ অঞ্চল- দেশের **দক্ষিণ-পশ্চিমাঞ্চল** এর অন্তর্ভুক্ত।

**উৎস:** ভূগোল ও পরিবেশ দ্বিতীয় পত্র, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৯৯) রক্তে Platelet-এর কাজ কী?**

ক) $O_2$ পরিবহন খ) সংক্রমণ প্রতিরোধ

গ) রক্ত জমাট বাঁধতে সাহায্য করে ঘ) রক্তে $P^H$ এর নির্ধারণ করে

সঠিক উত্তরঃ রক্ত জমাট বাঁধতে সাহায্য করে

**অণুচক্রিকা:**

- ইংরেজিতে অণুচক্রিকাকে প্লাটিলেট (Platelet ) বলে।
- প্লাটিলেট দেখতে গোলাকার, ডিম্বাকার অথবা রড আকারের হতে পারে।
- এদের সাইটোপ্লাজম দানাদার এবং সাইটোপ্লাজমে কোষ অঙ্গাণু- মাইটোকন্ড্রিয়া, গলগি বস্তু থাকে; কিন্তু নিউক্লিয়াস থাকে না।
- অনেকের মতে, অণুচক্রিকাগুলো সম্পূর্ণ কোষ নয়; এগুলো অস্থিমজ্জার বৃহদাকার কোষের ছিন্ন অংশ।
- অণুচক্রিকাগুলোর গড় আয়ু ৫-১০ দিন।
- পরিণত মানবদেহে প্রতি ঘনমিলিমিটার রক্তে অণুচক্রিকার সংখ্যা প্রায় আড়াই লাখ কিন্তু অসুস্থ দেহে এদের সংখ্যা আরো বেশি হয়।
- **অণুচক্রিকার প্রধান কাজ হলো রক্ত তঞ্চন করা বা রক্ত জমাট বাঁধতে (blood clotting) সাহায্য করা**।
- যখন কোনো রক্তবাহিকা বা কোনো টিস্যু আঘাতপ্রাপ্ত হয়ে কেটে যায়, তখন সেখানকার অণুচক্রিকাগুলো সক্রিয় হয়ে উঠে অনিয়মিত আকার ধারণ করে এবং থ্রম্বোপ্লাসটিন (Thromboplastin) নামক পদার্থ তৈরি করে যা রক্তের প্রোটিন প্রোথ্রমবিনকে থ্রমবিনে পরিণত করে।
- থ্রমবিন পরবর্তী কালে রক্তরসের প্রোটিন ফাইব্রিনোজেনকে ফাইব্রিন জালে পরিণত করে রক্তকে জমাট বাঁধায় কিংবা রক্তের তঞ্চন ঘটায়।
- ফাইব্রিন একধরনের অদ্রবণীয় প্রোটিন, যা দ্রুত সুতার মতো জালিকা প্রস্তুত করে।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- এটি ক্ষত স্থানে জমাট বাঁধে এবং রক্তক্ষরণ বন্ধ করে।

- তবে রক্ত তঞ্চন প্রক্রিয়াটি আরও জটিল, এ প্রক্রিয়ার জন্য আরও বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ এবং ভিটামিন কে ও ক্যালসিয়াম আয়ন জড়িত থাকে।

**উৎস:** বিজ্ঞান, নবম-দশম শ্রেণি।

**১০০) কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানকে কী বলা হয়?**

ক) ইন্টারনেট খ) ইন্টারকম

গ) ই-মেইল ঘ) ইন্টারস্পিড

সঠিক উত্তরঃ ইন্টারনেট

**ইন্টারনেট:**

- **কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয় ইন্টারনেট**।

- ইন্টারনেট পৃথিবীর বিস্তৃত একটি বৃহত্তম কম্পিউটার নেটওয়ার্ক।

- আরপানেট দিয়ে ইন্টারনেটের প্রাথমিক কার্যক্রম শুরু হয়।

- ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ একটি গবেষণা প্রকল্পের আওতায় দেশের চারটি বিশ্ববিদ্যালয়কে পরীক্ষামূলকভাবে কম্পিউটার আরপানেট নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করে।

**ইন্টারনেটের ব্যবহার:**

১. দ্রুত ফাইল বা তথ্যের আদান প্রদান করা।

২. তথ্য সংরক্ষণ করা।

৩. ই-কমার্স ব্যবহার করা।

৪. তথ্যের গোপনীয়তা রক্ষা করা।

৫. ঘরে বসে ক্রয়-বিক্রয় করা।

৬. ব্যক্তিগত বা সমষ্টিগতভাবে বুলেটিন বোর্ড গঠন করা যায়।

৭. মেসেজ বা ই-মেইল আদান প্রদান করা ইত্যাদি।

**উৎস:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ ও দ্বাদশ শ্রেণি (প্রকৌশলী মুজিবুর রহমান) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

## সমাপ্ত

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

## Live MCQ™ কী এবং কেন?

Live MCQ™ বাংলাদেশের প্রথম প্রতিযোগিতামূলক অনলাইন পরীক্ষাকেন্দ্র। বাংলাদেশের সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার (যেমন, বিসিএস ও বিভিন্ন চাকরির পরীক্ষা) প্রস্তুতির সময় পরীক্ষার্থীরা বেশ কয়েকটি সমস্যায় পড়েন, সেসব সমস্যার সমাধান করাই Live MCQ™ এর প্রধান লক্ষ্য। একটু বিস্তারিত বলা যাক -

বাংলাদেশের কয়েকটি চাকরির পরীক্ষা (যেমন, NTRCA, BJS) ছাড়া বাকি প্রায় সব চাকরির প্রিলি পরীক্ষা প্রতিযোগিতামূলক। আপনি পড়াশুনা করলেন, মডেল টেস্টের বইতে পরীক্ষা দিয়ে ভাল নাম্বার পেলেন আর ভাবলেন যে কাট মার্কতো এমনই থাকে তাই প্রস্তুতি ঠিক আছে। আসলেই কি তাই?

পরিসংখ্যান বলে, চাকরিভেদে প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করতে হলে আপনাকে প্রথম ৫-১০% এর মধ্যে থাকতে হবে। কিন্তু চূড়ান্ত পরীক্ষার আগে আপনি কোনভাবেই নিজের অবস্থান জানতে পারছেন না। কারণ, আপনি কখনোই প্রিলি পরীক্ষার আগে আপনার প্রতিদ্বন্দ্বীদের সাথে পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছেন না। যেমন, বিসিএসের প্রিলির জন্য আপনি একা একা মডেল টেস্ট দিয়ে যে প্রশ্নে ১১০ পেলেন এবং আগের বছরের কাট মার্কগুলো দেখে নিশ্চিত ভেবে বসলেন যে প্রস্তুতি ঠিক আছে। আদতে দেখা যাবে, সেই একই প্রশ্নে পরীক্ষা হলে, ৪ লাখ পরীক্ষা দিলে, ২৫ হাজার পাবেন ১২০ এর উপরে। পুরোটাই নির্ভর করছে প্রশ্ন কঠিন না সহজ হলো তার উপর। অর্থাৎ, এই প্রশ্নে পরীক্ষা হলে আপনার পাশ করার কোন সম্ভাবনা নেই বললেই চলে।

প্রস্তুতির প্রকৃত অবস্থান জানতে আপনি যাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঠিক তাদের সাথেই পরীক্ষা দিতে হবে, একা নয়।

Live MCQ™ আপনাকে সেই সুযোগটি করে দিয়েছে। Live MCQ™ ব্যবহার করে, আপনি -

- ঘরে বসেই বিসিএস এবং অন্যান্য চাকরির জন্য প্রস্তুতি নিতে পারবেন।
- চূড়ান্ত পরীক্ষার মত একটি নির্দিষ্ট সময়ে হাজারো পরীক্ষার্থীর সাথে Live পরীক্ষায়/মডেল টেস্টে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- একই 'মডেল টেস্টে' সকল প্রতিযোগীর সাপেক্ষে আপনার প্রস্তুতি এবং অবস্থান সম্পর্কে জানতে পারবেন।
- কোন প্রকার আলাদা পরিশ্রম ও সময় ব্যয় না করে প্রতিটি প্রশ্নের বিস্তারিত ব্যাখ্যা রেফারেন্সসহ পাবেন।
- আপনি যে কোন সময় আর্কাইভ থেকে পুরাতন প্রশ্নপত্র দেখতে ও পড়তে পারবেন এবং এই প্রশ্নে পরীক্ষা দিতে পারবেন।

Live MCQ™ এর অন্যতম বৈশিষ্ট্যসমূহ:

- ✓ প্রকৃত প্রতিযোগীদের সাথে একই সময়ে LIVE মডেল টেস্ট।
- ✓ পুরোপুরি বিজ্ঞাপনমুক্ত (Ad Free)।
- ✓ চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত নিয়মিত মডেল টেস্ট।
- ✓ বিষয়ভিত্তিক প্রস্তুতির জন্য রয়েছে টপিকগুরু।
- ✓ প্রতি সপ্তাহে ২০০ মার্কের ফ্রি মডেল টেস্ট।
- ✓ স্মার্ট সার্চের মাধ্যমে যে কোন প্রশ্নের উত্তর ও ব্যাখ্যা সহজেই খুঁজে পাওয়ার সুযোগ।
- ✓ কনফিউজিং ও বিতর্কিত সমস্যা নিয়ে বিশ্লেষণমূলক আলোচনা **(তথ্যকল্পদ্রুম)**।
- ✓ নিজের মত করে টপিক, প্রশ্নসংখ্যা ও সময় নির্ধারন করে কুইজ পরীক্ষা দেয়ার সুযোগ।
- ✓ বিষয়ভিত্তিক ভিডিয়ো ক্লাস ও ক্লাস টপিকের উপর পরীক্ষা।
- ✓ প্রতি পরীক্ষার শেষে ভুল ও ছেড়ে দেয়া প্রশ্নগুলো একসাথে দেখতে পাবেন Wrong and Unasnwered বাটনে।
- ✓ পরিবর্তিত তথ্যের জন্য রয়েছে **ডায়নামিক ইনফো প্যানেল**।
- ✓ নিয়মিত রিয়েল জবের উপর লাইভ পরীক্ষা ও জব সল্যুশনের সমৃদ্ধ আর্কাইভ।
- ✓ এপসের মধ্যেই পাবেন স্টাডি গ্রুপে সংযুক্ত হওয়ার সুযোগ।

প্রতিযোগিতার পরীক্ষায় প্রতিযোগিতার মাধ্যমেই প্রস্তুতি নিন। আপনি এই দুইটির যেকোনো একটির মাধ্যমে আমাদের প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবেন:

| GET IT ON Google Play | Download on the App Store | |
|---|---|---|
| **Andriod App** | **ios App** | **Website** |
| [Play Store Link] | [App Store Link] | livemcq.com |